গ্রাহক শিক্ষণের পুস্তিকা

- **"সেভিংস অ্যাকাউন্ট"** হল সুনির্দিষ্টভাবে ভারতীয় রিজার্ভ ব্যাংক দ্বারা অনুমোদিত, একক বা স্বতন্ত্র সংস্থার উপযুক্ত ব্যক্তিদের সেভিংস অ্যাকাউন্ট খোলার জন্য ক্রিয়াশীল ব্যাংকিং অ্যাকাউন্ট| কিছু কিছু অলাভজনক কল্যাণমূলক সংস্থাদের ব্যাংকের সাথে সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট খোলার অনুমতি দেওয়া হয়ে থাকে| আরবিআই দ্বারা নির্দেশিত হারে সেভিংস ব্যাংক অ্যাকাউন্টে জমা রাশির উপর সুদ প্রদান করা হয়ে থাকে| অন্যান্যদের মধ্যে, স্বতন্ত্র সংস্থাগুলি যারা সেভিংস অ্যাকাউন্ট খুলতে পারে তাদের অর্ন্তভূক্ত হল রেসিডেন্ট এবং নন্-রেসিডেন্ট একক ভারতীয়গণ, ট্রাস্ট, সোসাইটি, কোম্পানিজ্ অ্যাক্টের 25 ধারা অনুযায়ী নথিভূক্ত সংস্থা| কিছু সরকারী সংস্থা রিজার্ভ ব্যাংকের সময়ে সময়ে নির্দেশিত বিভিন্ন শর্তাবলী পালনে সেভিংস অ্যাকাউন্ট খুলতে পারে|

- **"কারেন্ট অ্যাকাউন্ট"** হল সমস্ত স্বতন্ত্র সংস্থার জন্য এক ক্রিয়াশীল ব্যাংকিং অ্যাকাউন্ট যারা ব্যাংক অ্যাকাউন্ট খুলতে এবং পরিচালনা করার যোগ্য| রিজার্ভ ব্যাংকের নির্দেশে কারেন্ট অ্যাকাউন্টে জমাকৃত রাশির উপরে কোন সুদ দেওয়া হয় না|

- **"টার্ম ডিপোজিট"** এর অর্থ হল একটি আমানত রাশি যা ব্যাংকে এক নির্দিষ্ট সময়কালের জন্য রাখা হয়ে থাকে| ব্যাংকে আমানত গচ্ছিত রাখার সময়কালে এক নির্দিষ্টকৃত হারে সুদপ্রদান করা হয়| টার্ম ডিপোজিটের অর্ন্তগত আমানতগুলি হল ত্রৈমাসিক প্রদেয় আমানত, মাসিক প্রদেয় আমানত এবং ক্রমঃবর্ধমান আমানত| সমস্ত স্বতন্ত্র সংস্থাই টার্ম ডিপোজিট অ্যাকাউন্ট খোলার যোগ্য, যদি না তা সুনির্দিষ্টভাবে আইন বা সাংবিধানিক নিয়ামক নির্দেশিকার দ্বারা নিষিদ্ধ হয়ে থাকে|

- **"রেকারিং ডিপোজিট"** হল এক প্রকারের আমানত যা নিয়মিত আয়সম্পন্ন ব্যক্তিদের প্রতি মাসে এক নির্দিষ্ট অর্থ তাদের রেকারিং ডিপোজিট অ্যাকাউন্টে জমা রাখতে এবং টার্ম ডিপোজিটের উপর প্রযোজ্য হারে সুদ অর্জন করতে সাহায্য করে| এটি কোন এক নির্দিষ্ট পরিমাণ অর্থের মাসিক কিস্তিতে জমানো টার্ম ডিপোজিটের মতই হয় যেমন প্রতি মাসে 1000 টাকা জমানো| প্রতি মাসে প্রদত্ত এই জমা রাশির সমস্ত কিস্তির অর্থ ভবিষ্যতের এক নির্দিষ্ট দিনে মেয়াদপ্রাপ্ত হয়| এইভাবে, রেকারিং ডিপোজিট প্রকল্প নির্দিষ্ট সময়কালে গ্রাহকদের নির্দিষ্ট পরিমাণের অর্থ নিয়মিত মাসিক জমারাশির সাহায্যে তাদের সেভিংস জমানোর এক সুযোগ দিয়ে থাকে|

- আর্থিক অর্ন্তভূক্তির প্রচেষ্টার এক অঙ্গ হিসাবে আমাদের ব্যাংক আমাদের সমস্ত শাখায় আরবিআইর "আর্থিক অর্ন্তভূক্তি – ব্যাংকিং সার্ভিসে অ্যাকসেস্"-এর সুস্পষ্ট নির্দেশিকা অনুযায়ী "বেসিক সেভিংস ব্যাংক ডিপোজিট অ্যাকাউন্ট (বিএসবিডিএ)" এবং "স্মল অ্যাকাউন্ট" খোলার সুযোগ দিচ্ছে| এছাড়াও, প্রবিধান অনুযায়ী, বিএসবিডিএ এবং স্মল অ্যাকাউন্টের মূল বৈশিষ্ট্যগুলি নিচে বিশেষভাবে উল্লেখ করা হলঃ

মাপকাঠি	বিএসবিডিএ	স্মল অ্যাকাউন্ট
কেওয়াইসি-র প্রয়োজনীয়তা	• সম্পূর্ণ কেওয়াইসি	• নমনীয় কেওয়াইসি
বৈশিষ্ট্য	• নূন্যতম জমা রাশির প্রয়োজন নেই • নগদ জমা অবাধে যত বার লেনদেন করা এই শর্তে যে প্রতি মাসে এটি 1লক্ষ টাকার মধ্যে সীমিত থাকবে • এক মাসে শাখা থেকে বিনা খরচে 4 বার টাকা তোলা • বিনা খরচে কোটাক ব্যতিত অন্য এটিএম কাউন্টারে 5বার লেনদেন • অ্যাট-পার চেকবইর সুবিধা • বিনা খরচে ফোন ব্যাংকিং • নেট ব্যাংকিং (ঐচ্ছিক) – মাশুলযোগ্য @ 75 টাকা প্রতি ক্যালেণ্ডার বছরে	• নূন্যতম জমা রাশির প্রয়োজন নেই • নগদ জমা অবাধে যত বার লেনদেন করা এই শর্তে যে এক আর্থিক বছরে এটি 1লক্ষ টাকার মধ্যে সীমিত থাকবে • এক মাসে শাখা থেকে বিনা খরচে 4 বার টাকা তোলা • বিনা খরচে কোটাক ব্যতিত অন্য এটিএম কাউন্টারে 5বার লেনদেন • অ্যাট-পার চেকবইর সুবিধা • বিনা খরচে ফোন ব্যাংকিং • নেট ব্যাংকিং উপলব্ধ নয়

বিধিনিষেধ/সীমাবদ্ধতা	• সমস্ত লেনদেন অনুমোদিত যা অন্যান্য সেভিংস অ্যাকাউন্টে হয়ে থাকে • বিএসবিডিএ গ্রাহকরা একই সময়ে ব্যাংকে কোন অতিরিক্ত আলাদা সেভিংস অ্যাকাউন্ট খুলতে পারবেন না| তবে সাধারণ সেভিংস অ্যাকাউন্টকে উন্নত করতে পারবেন| • যদি বর্তমান সেভিংস অ্যাকাউন্ট গ্রাহক একটি বিএসবিডিএ খোলেন, তাহলে বর্তমান • সেভিংস অ্যাকাউন্টটি বিএসবিডিএ খোলার 30 দিনের মধ্যে বন্ধ করে দিতে হবে|	• কোন আর্থিক বছরে সমস্ত জমার পরিমাণ 100,000 টাকা অতিক্রম করবে না • অ্যাকাউন্টে জমা টাকার পরিমাণ 50,000 টাকার বেশি হবে না। • এক মাসের সমস্ত দেনার পরিমাণ 10,000 টাকার বেশি হবে না। • বিদেশি মুদ্রার লেনদেনের অনুমতি নেই। • স্মল অ্যাকাউন্ট গ্রাহকরা একই সময়ে ব্যাংকে অতিরিক্ত আলাদা সেভিংস অ্যাকাউন্ট খুলতে পারবেন না| তবে, কেওয়াইসি নিয়মকানুন পূরণ করে বিএসবিডিএ বা অন্যান্য বিভিন্ন সেভিংস অ্যাকাউন্টকে উন্নত করতে পারেন| • যদি বর্তমান সেভিংস অ্যাকাউন্ট গ্রাহকরা স্মল অ্যাকাউন্ট খোলেন, তাহলে স্মল অ্যাকাউন্ট খোলার স্মল অ্যাকাউন্ট স্মল অ্যাকাউন্ট 30দিনের মধ্যে বর্তমান সেভিংস অ্যাকাউন্টটি বন্ধ করে দিতে হবে|

- ব্যাংক আইনি অভিভাবকত্বের শংসাপত্র অনুসারে মানসিক রোগী, সেরিব্রাল পালসি, মানসিক প্রতিবন্ধী এবং বহুবিধ অসামর্থ্য রোগীদের অ্যাকাউন্ট খুলতে পারে। এই শংসাপত্র মেন্টাল হেলথ অ্যাক্ট, 1987 অনুযায়ী জেলা কোর্ট বা ন্যাশানাল ট্রাস্ট ফর দি পার্সনস্ উইথ অটিজম, সেরিব্রাল পালসি, মেন্টাল রিটারডেশন এণ্ড মাল্টিপল্ ডিজেবিলিটিস্ অ্যাক্ট, 1999 অনুযায়ী স্থাপিত স্থানীয় স্তরের কমিটির দ্বারা ইস্যু করা হয়ে থাকে। আইনি অভিভাবকগণ এই অ্যাকাউন্ট খোলার জন্য প্রয়োজনীয় শংসাপত্রের জন্য স্থানীয় স্তরের কমিটির কাছে আবেদন জানাতে পারেন। স্থানীয় স্তরের কমিটির ঠিকানা ন্যাশানাল ট্রাস্টের ওয়েবসাইট (www.thenationaltrust.in) অথবা আপনার নিকটতম শাখা থেকে পেতে পারেন। এছাড়াও এই ধরণের ব্যক্তিদের অ্যাকাউন্ট খোলা যাবে কোন আইনী গার্জিয়ানশিপ সার্টিফিকেট ছাড়াই, কিন্তু সেক্ষেত্রে এটি শর্তসাপেক্ষ - গ্রাহকের কাছ থেকে একটি নিশ্চয়তা, যে তিনি নিজেই নিজের অর্থের সব ব্যবস্থা করতে পারেন ।

- উপরের সমস্ত অ্যাকাউন্টগুলির বিশদ তথ্য আমাদের সমস্ত শাখায় উপলব্ধ হয়ে থাকে এবং আমাদের ওয়েবসাইটেও দেওয়া আছে।

- ব্যাংক কোনো ডিপোজিট অ্যাকাউন্ট খোলার আগে উপযুক্ত সতর্কতার সাথে রিজার্ভ ব্যাংক দ্বারা ইস্যু করা "নো ইয়োর কাস্টোমার" (কেওয়াইসি)-এর প্রযোজ্য নির্দেশিকা অনুযায়ী বা ব্যাংক দ্বারা এরকম অন্যান্য নিয়ম বা পদ্ধতি অনুসারে কাজ করবে।

- অ্যাকাউন্ট খোলার ফর্ম ব্যাংক দ্বারা সম্ভাব্য আমানতকারীকে দেওয়া হবে। সম্ভাব্য আমানতকারী কোন ডিপোজিট অ্যাকাউন্ট খুলতে ব্যাংকের কাছে আবেদন করলে ব্যাংক কর্তৃপক্ষ পদ্ধতিগত নিয়মগুলো ব্যাখ্যা করবেন এবং ওনার প্রশ্নের প্রয়োজনীয় ব্যাখ্যা দেবেন। সম্ভাব্য আমানতকারী অ্যাকাউন্ট খোলার ফর্ম সম্পূর্ণভাবে এবং সঠিকভাবে পূরণ করবেন।

- জমাপ্রকল্পগুলির জন্য যেমন সেভিংস অ্যাকাউন্ট এবং কারেন্ট অ্যাকাউন্ট, ঐ ধরণের অ্যাকাউন্টের উপর নির্ভর করে, ঐ ধরণের অ্যাকাউন্ট চালু করার শর্তাবলী মাফিক অ্যাকাউন্টে এক নির্দিষ্ট গড়পড়তা ত্রৈমাসিক জমা (একিউবি)/গড়পড়তা

মাসিক জমা (এএমবি) বজায় রাখতে হবে। অ্যাকাউন্টে এই উল্লেখিত একিউবি/এএমবি অর্থের পরিমাণ গচ্ছিত রাখতে ব্যর্থ হলে, সেই অ্যাকাউন্টে না-বজায় রাখতে পারার মাশুল (নন্-মেন্টেন্স চার্জ- এনএমসি) দিতে হবে।

- মাশুলসূচি ওয়াবসাইটে (www.kotak.com) প্রদর্শন করা হবে এবং শাখা অফিসে পাওয়া যাবে।

- সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট উপযুক্ত ব্যক্তি(গণ) এবং কিছু প্রতিষ্ঠান/সংস্থা দ্বারা আরবিআই-র সময়ে সময়ে শর্তাবলী পালন সাপেক্ষে)খোলা যেতে পারে।

- কারেন্ট অ্যাকাউন্ট একক/অংশীদারী সংস্থা/বেসরকারী এবং সরকার লিমিটেড সংস্থা/হিন্দু অবিভক্ত পরিবার (এইচইউএফ)/নির্দিষ্ট সংস্থা/সোসাইটি/ট্রাস্ট, ইত্যাদি দ্বারা খোলা যেতে পারে।

- টার্ম ডিপোজিট অ্যাকাউন্ট একক/অংশীদারী সংস্থা/বেসরকারী এবং সরকার লিমিটেড সংস্থা/হিন্দু অবিভক্ত পরিবার (এইচইউএফ)/নির্দিষ্ট সংস্থা/সোসাইটি/ট্রাস্ট, ইত্যাদির দ্বারা খোলা যেতে পারে।

- কোন অ্যাকাউন্ট খোলার সময় ব্যক্তির পরিচয়, ঠিকানা যাচাই, ওনার পেশার বিষয়ে সন্তুষ্টি/কর্মপদ্ধতি, আয়ের উত্স, ইত্যাদি যথোচিতভাবে যাচাই করতে হবে। ব্যাংক সম্ভাব্য আমানতকারীর কাছে থেকে ব্যাংকের কাছে গ্রহণযোগ্য কোন ব্যক্তির পরিচয়সাধনও চাইতে পারে। যথোচিত যাচাই পদ্ধতির অঙ্গ হিসাবে ব্যাংকের যে ব্যক্তি(গণ) অ্যাকাউন্ট খুলেছেন/চালু রেখেছেন, ওনার/ওনাদের এক সাম্প্রতিক ফটোর প্রয়োজন হবে।

- এই অতিরিক্ত যাচাই পদ্ধতির প্রয়োজন ছাড়াও, কেওয়াইসির নিয়মানুযায়ী, ইনকাম ট্যাক্স অ্যাক্ট/রুলস্ অনুসারে ব্যাংকের স্থায়ী অ্যাকাউন্ট নম্বর (প্যান) অথবা 60 বা 61 নম্বর ফর্মে ঘোষনাপত্র নেবার প্রয়োজন হবে। আরবিআই নির্দেশিত বর্তমান গ্রাহকদের প্রোফাইল পর্যালোচনা করার সময় ব্যাংক নতুন অথবা অতিরিক্ত কেওয়াইসি দলিলকাগজ সময়কালীন বিরতিতে চাইবে।

একক পরিচালিত অ্যাকাউন্ট

এই ডিপোজিট অ্যাকাউন্টগুলো একক ব্যক্তির দ্বারা, খোলা এবং পরিচালনা করা যায় যার বয়স 18 বত্সরের উপরে।

জয়েন্ট অ্যাকাউন্ট

ডিপোজিট অ্যাকাউন্ট নিজ নামে দুই বা তার বেশি একক ব্যক্তিগণের দ্বারা যাদের বয়স 18 বত্সরের উপরে, খোলা গেলে তাকে জয়েন্ট অ্যাকাউন্ট বলে।

জয়েন্ট অ্যাকাউন্ট পরিচালনা

জয়েন্ট অ্যাকাউন্ট একের বেশি ব্যক্তি দ্বারা নিম্নলিখিত পদ্ধতিতে করা যায়।

আইদার অর সার্ভাইভার

এই পদ্ধতি ওই অ্যাকাউন্টের জন্য প্রযোজ্য যা দুজন স্বতন্ত্র ব্যক্তির দ্বারা খোলা হয়েছে। এই পদ্ধতিতে, দুজন অ্যাকাউন্ট গ্রাহকদের

মধ্যে যেকোন একজন বা জীবিত ব্যক্তি (দুজনের একজন অ্যাকাউন্ট গ্রাহকের মৃত্যু হলে বা উন্মাদগ্রস্ত হলে)অ্যাকাউন্ট পরিচালনা করতে পারবেন।

এনিওয়ান অর সার্ভাইভার

এই পদ্ধতি দুয়ের বেশি স্বতন্ত্র ব্যক্তির দ্বারা পরিচালিত অ্যাকাউন্টের জন্য প্রযোজ্য। এই পদ্ধতিতে, অ্যাকাউন্ট গ্রাহকদের যেকোন একজন বা জীবিত ব্যক্তি(গণ)-এর (যেকোন একজন অ্যাকাউন্ট গ্রাহকের মৃত্যু হলে বা উন্মাদগ্রস্ত হলে)অ্যাকাউন্ট পরিচালনা করতে পারবেন।

জয়েন্টলি

এই পদ্ধতিতে শুধুমাত্র সমস্ত অ্যাকাউন্ট গ্রাহকগণ যৌথভাবে স্বাক্ষর করে অ্যাকাউন্ট পরিচালনা করতে পারবেন।

অ্যাকাউন্ট পরিচালনা করার এই নির্দেশনামা সকল অ্যাকাউন্ট গ্রাহকদের সম্মতিক্রমে সংশোধিত হতে পারবে।

অপ্রাপ্তবয়স্ক ব্যক্তির সাথে যৌথভাবে স্বাভাবিক অভিভাবকগণের দ্বারা সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট পরিচালনার ক্ষেত্রে শুধুমাত্র স্বাভাবিক অভিভাবকগণ তা পরিচালনা করতে পারবেন।

উপরোক্ত অ্যাকাউন্টগুলিতে জমাকৃত অর্থের নিষ্পত্তির জন্য জয়েন্ট অ্যাকাউন্টের গ্রাহকগণ নিচের যেকোন নির্দেশনামা দিতে পারেনঃ

- **আইদার অর সার্ভাইভারঃ** যদি অ্যাকাউন্টটি দুই ব্যক্তির দ্বারা খোলা হয়ে থাকে, ধরা যাক, এ এবং বি, সর্বশেষ জমা অর্থ সুদ সমেত, যদি প্রযোজ্য হয়ে থাকে, অ্যাকাউন্ট গ্রাহকদের মধ্যে যেকোন একজনের মৃত্যু হলে, জীবিত ব্যক্তিকে প্রদান করা হবে।

- **এনিওয়ান অর সার্ভাইভার(গণ):** যদি যদি অ্যাকাউন্টটি দুই ব্যক্তির বেশির দ্বারা খোলা হয়ে থাকে, ধরা যাক, এ, বি এবং সি, সর্বশেষ অর্থ সুদ সমেত, যদি প্রযোজ্য হয়ে থাকে, দুজন অ্যাকাউন্ট গ্রাহকদের মধ্যে যেকোন একজনের মৃত্যু হলে, জীবিত ব্যক্তিকে প্রদান করা হবে।

- **ফর্মার / সার্ভাইভারঃ** প্রথমে থাকা নামের অ্যাকাউন্ট গ্রাহক এককভাবে অ্যাকাউন্টটি পরিচালনা করতে পারেন এবং অর্থের উপর তার পূর্ণ অধিকার থাকবে। শুধুমাত্র প্রথম জনের মৃত্যুর পরে জীবিত ব্যক্তি সেই অধিকার পাবেন।

- **ল্যাটার / সার্ভাইভারঃ** শেষে থাকা নামের অ্যাকাউন্ট গ্রাহক এককভাবে অ্যাকাউন্টটি পরিচালনা করতে পারেন এবং অর্থের উপর তার পূর্ণ অধিকার থাকবে। শুধুমাত্র প্রথম জনের মৃত্যুর পরে জীবিত ব্যক্তি সেই অধিকার পাবেন।

জয়েন্ট অ্যাকাউন্ট গ্রাহকদের নাম যোগ করা বা মুছে দেওয়া

ব্যাংক, সমস্ত জয়েন্ট অ্যাকাউন্ট গ্রাহকদের অনুরোধে, নাম সংযোগ করতে বা মুছে দেবার অনুমতি দিতে পারে যদি পরিস্থিতি তা দাবি করে অথবা কোন একক আমানতকারীকে অন্য কোন ব্যক্তির নাম একজন জয়েন্ট অ্যাকাউন্ট গ্রাহক হিসাবে অর্ন্তভূক্ত করার অনুমতি দিতে পারে।

মাইনর অ্যাকাউন্ট

কোন অপ্রাপ্তবয়স্কর নামে কোন অ্যাকাউন্ট স্বাভাবিক অভিভাবকের দ্বারা খোলা এবং পরিচালনা করা যেতে পারে। প্রাপ্তবয়স্ক হয়ে গেলে, প্রাক্তন অপ্রাপ্তবয়স্ক তার নিজের অ্যাকাউন্টের জমাকৃত অর্থের পরিমাণ নিশ্চিত করে জানাবেন এবং যদি ঐ অ্যাকাউন্টটি স্বাভাবিক অভিভাবক/অভিভাবিকা দ্বারা পরিচালিত হয়ে থাকে, নতুন করে প্রাক্তন অপ্রাপ্তবয়স্কের নমুনাচিহ্নিত স্বাক্ষর স্বাভাবিক অভিভাবক/অভিভাবিকা দ্বারা যথোপযুক্তভাবে যাচাইকৃত, এবং অপ্রাপ্তবয়স্ক যিনি প্রাপ্তবয়স্ক আবেদনকারীতে পরিণত হয়েছেন তার প্রযোজ্য *কেওয়াইসি* দলিলকাগজসহ, সমস্ত পরিচালনার উদ্দেশ্যে প্রাপ্ত হতে হবে।

নিরক্ষর/অন্ধ ব্যক্তিদের অ্যাকাউন্ট

ব্যাংক, সম্পূর্ণ নিজস্ব বিবেচনা অনুসারে, নিরক্ষর/অন্ধ ব্যক্তিদের জন্য কারেন্ট অ্যাকাউন্ট ব্যতীত অন্যান্য ডিপোজিট অ্যাকাউন্ট খুলতে দিতে পারে। এই ধরণের ব্যক্তিদের অ্যাকাউন্ট খোলা হতে পারে এই শর্তে যে সেই ব্যক্তি ব্যক্তিগতভাবে একজন সাক্ষীসহ যিনি আমানতকারী এবং ব্যাংক উভয়েরই কাছে পরিচিত, ব্যাংকের কাছে উপস্থিত হতে পারেন। সাধারণতঃ, কোন চেকবই-এর সুবিধা এই সমস্ত সেভিংস ব্যাংক অ্যাকাউন্টে দেওয়া হয় না। অর্থ তোলার সময় বা আমানত অর্থ পরিশোধের সময় এবং/বা সুদের জন্য, এই অ্যাকাউন্ট গ্রাহককে অনুমোদিত অফিসারের উপস্থিতিতে যিনি ঐ ব্যক্তির পরিচয় যাচাই করবেন, ওনার বুড়ো আঙুলের ছাপ বা চিহ্ন আযুক্ত করতে হবে। ব্যাংক কর্তৃপক্ষ নিরক্ষর/অন্ধ ব্যক্তিদের জন্য অ্যাকাউন্ট খোলার নির্ধারিত নিয়মাবলী ব্যাখ্যা করবেন।

পাওয়ার অফ অ্যাটর্নী

আমানতকারীর অনুরোধে ব্যাংক নির্দেশনামা/পাওয়ার অফ অ্যাটর্নী নথিভূক্ত করতে পারে যা কোন অনুমোদিত ব্যক্তিকে ওনার হয়ে অ্যাকাউন্টটি খোলার অনুমতি দেয়।

মনোনয়ন সুবিধা

সমস্ত ডিপোজিট অ্যাকাউন্টে একক ব্যক্তি দ্বারা চালু অ্যাকাউন্টে মনোনয়নের সুবিধা উপলব্ধ আছে। একক মালিকাধীন সংস্থার অ্যাকাউন্টেও এই মনোনয়নের সুবিধা উপলব্ধ হয়। মনোনয়ন শুধুমাত্র এক ব্যক্তির নামে হতে পারে। এই প্রকারের মনোনয়ন অ্যাকাউন্ট গ্রাহক(গণ) দ্বারা যেকোনো সময় বাতিল বা পরিবর্তন করা যেতে পারে। মনোনয়ন দেওয়া, বাতিল করা বা পরিবর্তনের সময়, এটিতে এক তৃতীয় পক্ষের সাক্ষ্যের প্রয়োজন হবে। মনোনয়ন অ্যাকাউন্ট গ্রাহকের সম্মতিতেই সংশোধিত হতে পারে। মনোনয়ন অপ্রাপ্তবয়স্কদের জন্য করা যেতে পারে। আমানতকারী(গণ)-এর মৃত্যুতে জমা অর্থের সহজতর নিষ্পত্তির জন্য এটি সুপারিশ করা হচ্ছে যেন সমস্ত স্বতন্ত্র আমানতকারীগণ মনোনয়নের সুবিধা গ্রহণ করেন। মনোনীত ব্যক্তি, আমানতকারী(গণ)-এর মৃত্যুতে সমস্ত আইনি উত্তরাধিকারীদের ট্রাস্টি হিসাবে অ্যাকাউন্টে থাকা জমা অর্থ পাবেন। কোন ডিপোজিট অ্যাকাউন্ট খোলার সময় আমানতকারীকে মনোনয়নের সুবিধা সম্বন্ধে অবহিত করা হবে। 2-ওয়ে স্যুইপ সুবিধার টার্ম ডিপোজিট অ্যাকাউন্ট খোলার সময়, (অ্যাক্টিভ মানি) সেভিংস/কারেন্ট অ্যাকাউন্টে মনোনয়নের সুবিধা দেবার কথা বিবেচনা করা হবে।

চেক বই এবং চেক

সেভিংস, কারেন্ট বা ওভারড্রাফট্ অ্যাকাউন্টে চেক বই ব্যাংক দ্বারা নির্দেশিত বিভিন্ন মাশুলের পরিবর্তে ইস্যু করা হতে পারে। গ্রাহকের বাড়ির ঠিকানায় চেক বই পাঠানো হবে। আইন অনুযায়ী ব্যাংক নিজের বিবেচনামত কোন কোন গ্রাহককে 'অ্যাট পার' চেক বইের সুবিধা দিতে পারে।

ব্যাংক, কারেন্ট, সেভিংস অথবা ওভারড্রাফট্ অ্যাকাউন্টের কোন গ্রাহককে নতুন চেক বই ইস্যু করতে অস্বীকার করতে পারে যদি কোন এক আর্থিক বত্সরে এক কোটি বা তার বেশি মূল্যের চেক যথেষ্ট পরিমাণে অর্থ না থাকার কারণে চারবার বা তার বেশিবার অস্বীকৃত হয়ে থাকে। এছাড়াও, ব্যাংক নিজস্ব বিবেচনায় কারেন্ট অ্যাকাউন্ট বন্ধ করার কথা বিবেচনা করতে পারে।

এছাড়াও, ব্যাংক, বারবার চেক অস্বীকৃত হবার কারণে/ব্যাংক দ্বারা নির্দেশিত এক মাসে চেক বইর পাতা ইস্যু করার সীমা অতিক্রম করলে (একক অ্যাকাউন্টে – 100টি পাতা, একক-বিহীন অ্যাকাউন্টে – 500টি পাতা) চেক বই বন্ধ করার অধিকার সুরক্ষিত রাখে।

গ্রাহকগণ অবশ্যই এমনভাবে চেক ইস্যু করবেন যাতে ইস্যু করার পরে সংশোধন এড়ানো যায় এবং গ্রাহকের স্বাক্ষরটি ব্যাংকের রেকর্ডে রাখা স্বাক্ষরের সাথে মিলতে হবে। চেকের যেকোন পরিবর্তনে, প্রত্যেক এরকম পরিবর্তনের জন্য অবশ্যই গ্রাহকের স্বাক্ষর দ্বারা সত্য বলে প্রমাণ করতে হবে। ব্যাংক এরকম কোন চেকে অর্থপ্রদান করতে প্রত্যাখ্যান করার অধিকার সুরক্ষিত রাখে যা যেকোন ভাবে পরিবর্তিত হয়েছে, যতক্ষণ না পর্যন্ত ঐ পরিবর্তন ব্যাংকের রেকর্ডে দেওয়া নমুনাচিহ্নিত অনুযায়ী গ্রাহক পুরো স্বাক্ষর করে থাকেন।

অ্যাকাউন্টের বিবরণ

অ্যাকাউন্ট খোলার শর্তানুযায়ী, ব্যাংক দ্বারা সেভিংস ব্যাংক এবং কারেন্ট অ্যাকাউন্ট গ্রাহকদের অ্যাকাউন্টের বিবরণ সময়ে সময়ে প্রদান করা হবে।

পাশবই সুবিধা

গ্রাহকের বিশেষ অনুরোধে ব্যাংক একক গ্রাহককে পাশবইর সুবিধা প্রদান করতে পারে। ঐসকল গ্রাহকগণ যারা পাশবইর সুবিধা নিচ্ছেন, তাদের জেনারেল সিডিউল অফ চার্জেস অনুযায়ী মাশুলের বিনিময়ে অ্যাকাউন্টের বিবরণ দেওয়া হবে।

সরাসরি বিয়োজন এবং স্থায়ী নির্দেশ

এটি একপ্রকারের অর্থপ্রদানের পদ্ধতি যা গ্রাহককে অনুমতি দেয় আমাদের ব্যাংককে নিয়মিত অর্থপ্রদানের নির্দেশ দেবার, যেমন, এক অ্যাকাউন্ট থেকে অন্য অ্যাকাউন্টে অর্থ স্থানান্তরের, লকারের ভাড়া মেটানো, ক্রেডিট কার্ডের অর্থ মেটানো, জীবনবিমার অর্থ দেওয়া এবং যেকোন নির্দিষ্ট প্রাপককে অন্যান্য যেকোন সময়কালীন অর্থপ্রদান করা। এছাড়াও, এই সুবিধা গ্রাহককে চেক লেখার ঝামেলা এড়াতে সাহায্য করে।

এই পরিষেবা উপলব্ধ করার জন্য, আপনার সরাসরি বিয়োজন নির্দেশকে ঠিকমত.....

গড়পড়তা ত্রৈমাসিক/মাসিক জমা

একিউবি – গড়পড়তা ত্রৈমাসিক জমা (অ্যাভারেজ কোয়ার্টালি ব্যালেন্স) - গ্রাহক দ্বারা তিন ক্যালেণ্ডার মাসের গড়পড়তা জমার কথা বলা হয়ে থাকে।

এএমবি – গড়পড়তা মাসিক জমা (অ্যাভারেজ মান্থলি ব্যালেন্স) - গ্রাহক দ্বারা মাসের গড়পড়তা জমার কথা বলা হয়ে থাকে।

একিউবি/এএমবি-র হিসাব নিচের পদ্ধতি অনুযায়ী হয়ে থাকেঃএমবি = মাসের বা তিন মাসের প্রত্যেক দিনের শেষ জমা রাশিগুলির যোগফল ÷ (সেই মাস বা তিন মাসের মোট দিন সংখ্যা)

সেভিংস ব্যাংকে সুদপ্রদান

সেভিংস ব্যাংক অ্যাকাউন্টে সুদপ্রদান প্রত্যেক দিনের জমা (ডেইলি প্রোডাক্ট) অনুযায়ী হিসাব করা হয়ে থাকে।

1 এপ্রিল 2016 থেকে কার্যকর সেভিংস্ ব্যাঙ্ক অ্যাকাউ-টর শেষ রাশির ওপর অর্জিত সুদ সেভিংস্ অ্যাকাউ-ট তিন মাসের ব্যবধানের ভিত্তির ওপর জুন, সেপ্টেমর, ডিসেমর ও মার্চ মাসে জমা করতে হবে।

সেভিংস অ্যাকাউন্টে সুদের হার হল নিম্নরূপ :

অ্যাকাউন্ট ব্যালেন্স	আবাসিক সঞ্চয়ী অ্যাকাউন্টে সুদের হার
টাকা 50 লক্ষ অথবা অনধিক পরিমাণ	3.50% প্রতি বত্সর
টাকা 50 লক্ষ থেকে অধিক	4.00% প্রতি বত্সর

<u>ব্যাখ্যাঃ</u>

দিনের শেষে অ্যাকাউন্টে ব্যালেন্সের পরিমাণ = টাকা 55,00,000

- টাকা 50 লক্ষ অথবা অনধিক পরিমাণ ব্যালেন্সের জন্যে নির্দিষ্ট সুদের হার-3.50% প্রতি বৎসর
- টাকা 50 লক্ষ থেকে অধিক পরিমাণ ব্যালেন্সের জন্যে নির্দিষ্ট সুদ - 4.00% প্রতি বৎসর

এক্ষেত্রে প্রযোজ্য দিনের জন্যে সুদের গণনা করা হবে নিম্নলিখিতভাবে :

(50,00,000 * 3.50% * 1/365) + ({55,00,000 – 50,00,000} * 4.00% * 1/365)

*বর্তমানে আরবিআই সেভিংস অ্যাকাউন্টের উপর সুদের হারের বিনিয়ন্ত্রণ করেছেন যা সময়ে সময়ে পরিবর্তিত হতে পারে।

টার্ম ডিপোজিটের উপরে সুদপ্রদান

ব্যাংকের সংবিধিবদ্ধ কর্তব্য আছে মূল উত্স থেকে কর কেটে নেবার যদি কোন ব্যক্তির সমস্ত টার্ম ডিপোজিটের উপরে সম্পূর্ণ প্রদত্ত সুদ/প্রদেয় সুদ ইনকাম ট্যাক্স অ্যাক্ট নির্দেশিত পরিমাণের বেশি অতিক্রম করে। ব্যাংক বিয়োজিত করের অর্থের জন্য একটি কর বিয়োজনের শংসাপত্র (ট্যাক্স ডিডাকশন সার্টিফিকেট – টিডিএস সার্টিফিকেট) ইস্যু করবে। আমানতকারী, যদি টিডিএস থেকে অব্যাহতি পাবার অধিকারী হন, ঐ টিডিএস কাটা এড়াবার জন্য, ওনাকে প্রত্যেক আর্থিক বত্সরের শুরুতে নির্দেশিত ফরম্যাটে ঘোষনাপত্র জমা দিতে হবে।

অ্যাক্টিভ মানি (2-ওয়ে স্যুইপ ডিপোজিটসমূহ)-র জন্য নিয়মিত টার্ম ডিপোজিটের হার সমস্ত গ্রাহকদের ক্ষেত্রে প্রযোজ্য, বয়স্ক নাগরিক/ব্যাংকের কর্মীসহ।

রিইনভেস্টমেন্ট ডিপোজিটের ক্ষেত্রে টার্ম ডিপোজিটের উপরে সুদ ত্রৈমাসিক বিরতিতে চক্রবৃদ্ধি হারে বাড়বে এই শর্তে যে ব্যাংকের কাছে গচ্ছিত আমানত অন্ততঃপক্ষে 181 দিন বা তার বেশি রাখতে হবে। 181 দিনের কম সময়ে কোন আমানত জমা রাখলে, সুদ, মেয়াদ প্রাপ্তিতে সাধারণ সুদের হারে গণনা করা হবে।

টার্ম ডিপোজিটের উপরে সুদ হিসাব করার পদ্ধতি

মাসিক সুদগ্রহণের সুযোগ মাসিক সুদযুক্ত টিডির উপর সুদের হার নির্দিষ্ট হারের উপরে ছাড় দেওয়া হবে।

আমানত জমা করার দিন থেকে মাসিক বিরতিতে সুদপ্রদান করা হবে। যেমন, 15ই ফেব্রুয়ারী 2008-এ করা আমানতের উপরে সুদ 15ই মার্চ 2008-এ প্রদত্ত হবে।

একটি নন-লিপ বছরে বুক করা জমার জন্য সুদের হিসাব বছরে 365 দিনভিত্তিক এবং একটি লিপ (ক্যালেন্ডার) বছরে বুক করা টার্ম ডিপোজিটের জন্য সুদের হিসাব বছরে 366 দিনভিত্তিক।

ত্রৈমাসিক সুদগ্রহণের সুযোগ আমানত জমা করার দিন থেকে ত্রৈমাসিক বিরতিতে সুদপ্রদান করা হবে, যেমন 15 ফেব্রুয়ারী 2008-এ করা আমানতের উপরে সুদ 15ই মে 2008-এ প্রদত্ত হবে।

একটি নন-লিপ বছরে বুক করা জমার জন্য সুদের হিসাব বছরে 365 দিনভিত্তিক এবং একটি লিপ (ক্যালেন্ডার) বছরে বুক করা টার্ম ডিপোজিটের জন্য সুদের হিসাব বছরে 366 দিনভিত্তিক।

ক্রমবর্ধমান সুদপ্রদানের সুযোগ কিউম্যুলেটিভ ডিপোজিটের ক্ষেত্রে, সুদ ত্রৈমাসিক বিরতিতে চক্রবৃদ্ধি হারে বাড়তে থাকে, যেমন পরের তিন মাসের সুদ গণনার জন্য তিন মাসে অর্জিত সুদকে আসলের সাথে যোগ করা হয়। ত্রৈমাসিক সুদহিসাবের ফর্মূলা ত্রৈমাসিক সুদগ্রহণের সুবিধার মত একই।

খ্যা

	ত্রৈমাসিক আসল জমা	পরের	ত্রৈমাসিক সময়কালের আসল জমা সুদ
1.	100	2	102
2.	102	2.04	104.04
3.	104.04	2.08	106.12

পরের ত্রৈমাসিক সময়কালের জন্য আমানতের মেয়াদপ্রাপ্তি অবধি একইভাবে গণনা করা হয়ে থাকে। এই উপরোক্ত ব্যাখ্যা টিডিএসের প্রভাব বিবেচনা ব্যতীতই করা হয়েছে। কিউম্যুলেটিভ সুদ আমানতের উপরে প্রদান করা হয়, যদি আমানতের সময়কাল 181দিন বা দুটি ত্রৈমাসিক সময়কালের কম হয়, চক্রবৃদ্ধিহারে সুদ আমানতের উপরে দেওয়া হয় না।

বয়স্ক নাগরিকদের ফিক্সড় ডিপোজিট (60 বত্সর বা অধিক)

ব্যাংক বয়স্ক নাগরিকগণের দ্বারা জমাকৃত ফিক্সড ডিপোজিটের উপরে সময়ে সময়ে আরো বেশি সুদের হারের সুযোগ দেয়। বয়স্ক নাগরিকগণের গচ্ছিত ফিক্সড ডিপোজিটের বিষয়ে ব্যাংকও সমস্ত প্রযোজ্য ইনকাম ট্যাক্স নিয়মের দ্বারা চালিত হবে।

মূল উত্স থেকে ট্যাক্স বিয়োজন (টিডিএস)

যদি আমানতকারীকে প্রদেয় সুদের, আইটি অ্যাক্ট,1961-এ নির্দেশানুযায়ী সর্বোচ্চ সীমা অতিক্রম করার সম্ভাবনা থাকে, সেই আর্থিক বত্সরে টিডিএস প্রযোজ্য হবে। বর্তমানে, এই সুদের সর্বোচ্চ পরিমাণ হল 40,000 টাকা। আইটি অ্যাক্টে উল্লেখিত হারে টিডিএসের হার নির্দিষ্ট হবে।

টিডিএস থেকে অব্যাহতি

আইটি অ্যাক্টে নির্দেশিত নিয়ম অনুযায়ী নিম্নলিখিত ফর্ম জমা দিয়ে টিডিএস থেকে অব্যাহতি পাওয়া যেতে পারেঃ-

ফর্ম 15জি এটি এক ঘোষনাপত্র যা বিবৃত করে যে আমানতকারী ট্যাক্সপ্রদান করতে সম্ভাব্যভাবে দায়ি থাকবেন না এবং তাই, টিডিএস থেকে সম্ভাব্য অব্যাহতি পেতে পারেন। ফর্ম 15জি কোন একক বা ব্যক্তির উপরে প্রযোজ্য (কোন প্রতিষ্ঠান বা সংস্থা নয়) বয়স্ক নাগরিক ব্যতীত।

ফর্ম 15H এটি এক ঘোষনা যা বিবৃত করে যে আমানতকারী ট্যাক্সপ্রদান করতে সম্ভাব্যভাবে দায়ি থাকবেন না এবং তাই, টিডিএস থেকে সম্ভাব্য অব্যাহতি পেতে পারেন। ফর্ম 15H স্বতন্ত্র স্থায়ী বাসিন্দাদের উপরে প্রযোজ্য যারা বয়স্ক নাগরিক (অর্থাৎ স্বতন্ত্র ব্যক্তি যাদের বয়স পয়ষট্টি বত্সর বা তার উপরে), ।

আইটি অফিসারের থেকে অব্যাহতির শংসাপত্র – ফর্ম 15AA আইটি অ্যাক্ট এটাও বিবৃত করে যে ঐ বিভাগে উল্লেখিত কোন আয়ের মোট অর্থের পরিমাণ যা বিগত বত্সরে জমা পড়েছে বা শোধ করা হয়েছে অথবা সম্ভাব্যভাবে জমা হবে বা শোধ হবে, সেই সর্বোচ্চ পরিমাণ না-করযোগ্য অর্থকে অতিক্রম করতে পারে, তাহলে ঐ অনুবিধি প্রযোজ্য হবে না এবং অ্যাসেসী ফর্ম 15জিতে কোন ঘোষনাপত্র পেশ করার যোগ্য হবেন না। এই ক্ষেত্রে, আইটি অফিসারের থেকে প্রাপ্ত এক সুনির্দিষ্ট অব্যাহতি পত্র জমা দেওয়ার প্রয়োজন হবে। প্রতিষ্ঠানসমূহ যেমন ট্রাস্ট/সোসাইটি, ইত্যাদি যেগুলি ইনকাম ট্যাক্স থেকে অব্যাহতি পেয়ে থাকে, তাদের এই পত্র/ফর্ম 15AA জমা দেবার প্রয়োজন হবে যদি ঐ আর্থিক বত্সরে সুদ যা প্রদান করা হয়েছে বা সম্ভাব্যভাবে প্রদান করা হবে, তা সর্বোচ্চ পরিমাণ অর্থ যা করযোগ্য নয়, তাকে সম্ভাব্যভাবে অতিক্রম করতে পারে।

মেয়াদ সমাপ্তির আগে টার্ম ডিপোজিট তুলে নেওয়া

গ্রাহক প্রকৃত মেয়াদ সমাপ্তির আগে আংশিক বা সম্পূর্ণভাবে আমানত তুলে নিতে পারে। মেয়াদ সমাপ্তির আগের ক্ষেত্রে, সুদ, আমানত জমা রাখার দিন থেকে ব্যাংকের কাছে গচ্ছিত জমার সময়ের জন্য বা চুক্তিপ্রদত্ত হারের মধ্যে যেটি কম হবে, সেই হারে দেওয়া হবে, মেয়াদ সমাপ্তির আগে আমানত তুলে নেবার জন্য দণ্ডমূলক মাশুল কেটে নিয়ে, 1লা নভেম্বর 2012-এ বা তার পরে টার্ম ডিপোজিটে জমা রাখা বা পুর্নবীকরণের উপরে নিম্নলিখিতভাবেঃ-

টার্ম ডিপোজিটের সময়কাল	দণ্ড
181 দিনের কম	কিছু না
181 দিন এবং বেশি	0.50%

[উদাহরণস্বরূপ, ধরুন, টিডি অর্থের পরিমাণ হল 15 লক্ষ, 1 থেকে 2 বত্সরের জন্য সুদের হার হল 10% এবং 2 থেকে 3 বত্সরের জন্য এটা হল 9.50% এবং একজন গ্রাহক 2 বত্সর 1 দিনের জন্য একটি আমানত গচ্ছিত রেখেছেন (অর্থাৎ @9.5%)। যদি গ্রাহক টিডি 1 বত্সর পরে টিডি ভাঙিয়ে ফেলেন, সুদ 9.00% হারে প্রদেয় হবে (চুক্তিমত হার বা যে সময়ের জন্য আমানত গচ্ছিত রাখা হয়েছে, সেই সময়ের প্রযোজ্য হারের মধ্যে যেটি কম, এবং 0.50% দণ্ড মাশুলের বিয়োজন)। আংশিকভাবে মেয়াদ

প্রাপ্তির আগে অর্থ তুলে নিলে, অবশেষ আমানতের উপরে সুদ মূল আমানতের উপরে গচ্ছিত রাখার সময়কার চুক্তিমত হারে পেতে থাকবে।]

181 দিন বা তার বেশি স্ট্যাণ্ডঅ্যালোন টার্ম ডিপোজিটকে যা সেভিংস বা কারেন্ট অ্যাকাউন্টের সাথে যুক্ত থাকে, নিয়মিত স্যুইপ ডিপোজিটের কার্যপ্রক্রিয়া অনুসারে কাজ করতে হবে এবং উপরে বর্ণিত দণ্ড মাশুল প্রযোজ্য হবে।

টার্ম ডিপোজিটে অর্থপ্রদান/পুর্ননবীকরণ

আমানত গচ্ছিত রাখার সময় মেয়াদ সমাপ্তির এবং অর্থপ্রদানের নির্দেশাবলী প্রদান করা বাধ্যতামূলক। গ্রাহকের ব্যাংকের সাথে যুক্ত ওনার কারেন্ট বা সেভিংস অ্যাকাউন্টে অর্থপ্রাপ্তির সুবিধা আছে অথবা ব্যাংককে তিনি অনুরোধ করতে পারেন তার নথিভূক্ত যোগাযোগের ঠিকানায় ডিমাণ্ড ড্রাফট্ বা ব্যাংক চেক পাঠাতে। গ্রাহক এই আমানতের সময়কালে যেকোন সময় মেয়াদ প্রাপ্তির নির্দেশাবলী'র পরিবর্তন করতে পারেন। এই নির্দেশাবলী রক্ষিত হবে এবং মেয়াদ প্রাপ্তিতে সম্পাদিত হবে।

টার্ম ডিপোজিটের পরিবর্তে ওভারড্রাফট্

ব্যাংক, আমানতকারী(গণ)-এর টার্ম ডিপোজিটের প্রয়োজনীয় মালিকানা সনদপত্র আমানতকারী(গণ) দ্বারা যথোপযুক্তভাবে হস্তান্তরিত হবার পরিবর্তে ঋণ বা ওভারড্রাফট সুবিধার প্রস্তাব বিবেচনা করতে পারে। ব্যাংক অপ্রাপ্তবয়স্কদের নামে গচ্ছিত আমানতের পরিবর্তেও ঋণপ্রদানের সুবিধা বিবেচনা করতে পারে, তবে, আমানতকারী বা আবেদনকারীকে এক যথাযোগ্য ঘোষণা পেশ করতে হবে যা বিবৃত করবে যে ঋণটি অপ্রাপ্তবয়স্কর মঙ্গলের জন্য করা হয়েছে।

রেকারিং ডিপোজিট

সুদপ্রদান

- ইণ্ডিয়ান ব্যাংকস্ অ্যাসোসিয়েশনের সুপারিশকৃত পদ্ধতিতে আরডির উপরে সুদের হিসাব কষা হবে।
- আরডির উপরে সুদের হার আরডি খোলার দিনে প্রযোজ্য টার্ম ডিপোজিটের হারের সঙ্গে সঙ্গতিপূর্ণ হবে।
- আরডির উপরে সুদ ত্রৈমাসিক বিরতিতে চক্রবৃদ্ধিভাবে হয়ে থাকে, প্রযোজ্য হারে।

কিস্তির অর্থপ্রদানঃ

- কিস্তির পরিমাণ একবার নির্দিষ্ট হয়ে গেলে তার আর কোন পরিবর্তন করা যাবে না।
- অর্থপ্রদানের সময় একের বেশি কিস্তি বকেয়া থাকলে, প্রদত্ত কিস্তি যদি শুধুমাত্র একটি কিস্তির অর্থ দেবার জন্য যথেষ্ট হয়, তাহলে প্রথম/সবচেয়ে প্রথমকার বকেয়া কিস্তির পরিমাণই মেটানো হবে।
- কিস্তির অর্থ আংশিক বা আগাম পরিশোধ করা যাবে না।
- ব্যাংক আমানতকারী(গণ)কে কিস্তির অর্থপ্রদানের করার জন্য ওনার/ওনাদের অ্যাকাউন্টে যথেষ্ট পরিমাণে অর্থ জমা আছে কিনা তা জানাতে দায়ি থাকবে না।

যোগ্যতাঃ

- স্বতন্ত্র স্থায়ী বাসিন্দা (অপ্রাপ্তবয়স্কদেরসহ)এবং হিন্দু অবিভক্ত পরিবার।

মেয়াদ সমাপ্তিঃ

- আমানত অর্থ চুক্তিমত সময়কাল শেষ করলে, মেয়াদকাল সমাপ্ত হবে, এমনকি বকেয়া কিস্তি থাকলেও এবং এরকম কোন অর্থ পরিশোধ না করার জন্য প্রযোজ্য দণ্ডণীয় সুদের মাশুল বিয়োজন করার পরে পরিশোধ করার জন্য বাকি থাকলে।

- এই আমানত ব্যাংকে গচ্ছিত রাখার এক মাসের মধ্যেই যদি তা মেয়াদকাল সমাপ্তির আগে বন্ধ করে দেওয়া হয়, কোন সুদ দেওয়া হবে না এবং শুধু মূল অর্থই ফেরৎ দেওয়া হবে।

- আরডি সার্টিফিকেটে বর্ণিত মেয়াদ সমাপ্তির শেষে উল্লেখিত অর্থপ্রদান করা হবে এই শর্তে যে সমস্ত কিস্তির অর্থ সময়ে প্রদান করা হবে।

কিস্তির অর্থ পরিশোধে বিলম্বের জন্য দণ্ডঃ

- কোন কিস্তির অর্থপ্রদান করার নির্দিষ্ট দিনের পর থেকে কিস্তি প্রদানে অতিরিক্ত 5 দিন বিলম্ব হলে, দণ্ডণীয় সুদ আরডি সুদের হারে (চুক্তিমত সুদের হার আমানত গচ্ছিত রাখার সময়) + প্রতি বত্সরে 2% অথবা এরকম কোন হার যা ব্যাংক দ্বারা সময়ে সময়ে উল্লেখ করা হয়ে থাকে, ধার্য্য করা হবে সেই মাসের বিলম্বের জন্য।

- কোন মাসের আংশিক দিনগুলিকে এক পূরো মাস হিসাবে গণ্য করা হবে এরকম কোন সুদের হিসাব কষার জন্য।

- এমনকি যদি কোন মাসে অর্থপ্রদান স্বীকৃত হয়, কিন্তু কিস্তির অর্থ আদায়ের স্থায়ী নির্দেশ ব্যর্থ হয়ে থাকে, ব্যাংক গ্রাহকের কারেন্ট/সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট থেকে জেনারেল ফিচারস্ এণ্ড সিডিউল অফ চার্জেস্ (জিএফএসসি) অনুসারে স্থায়ী নির্দেশ ব্যর্থতার মাশুল আদায় করবে।

- মাশুলযোগ্য সম্পূর্ণ দণ্ডণীয় সুদ ব্যাংক দ্বারা প্রদেয় সম্পূর্ণ সুদের অর্থ থেকে আদায় করা হবে এবং মেয়াদকাল সমাপ্তিতে বা মেয়াদ সমাপ্তির আগে অ্যাকাউন্ট বন্ধ করার সময়ে আদায় করা হবে, যেমন যেমন ক্ষেত্রে প্রযোজ্য।

মেয়াদ সমাপ্তির আগে আরডি তুলে নেওয়াঃ

- এই আমানত ব্যাংকে গচ্ছিত রাখার এক মাসের মধ্যেই যদি তা মেয়াদ সমাপ্তির আগে বন্ধ করে দেওয়া হয়, কোন সুদ দেওয়া হবে না এবং শুধু মূল অর্থই ফেরৎ দেওয়া হবে।

- মেয়াদ সমাপ্তির আগে আরডি তুলে নিলে- মেয়াদ সমাপ্তির আগে আরডি তুলে নিলে, সুদপ্রদান করা হবে যে সময়কালের জন্য আমানত গচ্ছিত রাখা হয়েছে, সেই সময়ের প্রযোজ্য হারে বা সেই চুক্তিমত হারের মধ্যে যেটি কম সেই হারে, এবং 0.50% দণ্ড মাশুলের বিয়োজন করে।

সারা ভারতব্যপী কিছু নির্বাচিত শাখায় বিদেশি মুদ্রার পরিষেবা প্রসারিত হয়েছে (বি বিভাগ)যারা বিদেশি মুদ্রার লেনদেন করার জন্য অনুমোদিত।

- ট্রাভেলার্স চেক (টিসি)

- বিদেশি মুদ্রার নগদ ক্রয়/বিক্রয়

- ইলেকট্রনিক স্থানান্তর

- ডিমাণ্ড ড্রাফট্

ট্রাভেলার্স চেক

বর্তমানে ব্যাংক নিম্নিখিত চারটি গুরুত্বপূর্ণ বিদেশি মূদ্রায় ট্রাভেলার্স চেক ইস্যু করে থাকে যা হল ইউএসডি, জিবিপি, জেপিওয়াই এবং ইউরো, যা গ্রাহকেরা, বিদেশ ভ্রমণের সময় সুযোগ গ্রহণ করতে পারেন। এই ধরণের ট্রাভেলার্স চেক ইস্যু করা হয়ে থাকে এই শর্তে যে সময়ে সময়ে নির্দেশিত ফেমা/আরবিআইর নিয়মাবলী পালন করা হবে।

চেক

আমাদের গ্রাহক হিসাবে আপনি সমস্ত মুদ্রাব্যবস্থায় আপনি চেক জমা দিতে পারেন। শুধুমাত্র একটি ডিমাণ্ড ড্রাফট্ বা চেক আপনার কোটাক মাহিন্দ্র ব্যাংক অ্যাকাউন্টের নামে নিম্নলিখিত ঠিকানায় প্রেরণ করুন এবং আমরা সেই অর্থ আপনার সমুদ্রপারের ব্যাংক থেকে সংগ্রহ করব এবং আপনার অ্যাকাউন্টে জমা করব। এনআরআই সার্ভিস সেন্টার, কোটাক মাহিন্দ্র ব্যাংক লিমিটেড, 6-তলা, বিনয় ভব্য কমপ্লেক্স, সি.এস.টি. রোড, সান্তাক্রুজ পূর্ব, মুম্বাই-400 098। আমাদের সাথে যুক্ত আপনার অ্যাকাউন্টে চেকের অর্থ জমা পরার সময়কাল বিদেশি মূদ্রার ধরণ এবং যেই দেশ/স্থানের উপর চেকটি ইস্যু করা হয়েছে তার উপরে নির্ভর করবে, যে দিন থেকে জমা আমাদের নস্ট্রো অ্যাকাউন্টে দেখা দেবে, তার থেকে 6 থেকে 21 কাজের দিনের মধ্যে।

নগদ বিদেশি মুদ্রা

নগদ বিদেশি মুদ্রা ইচ্ছুক গ্রাহকদের ইউএসডি, ইউরো, জিবিপি, জেপিওয়াই, কানাডিয়ান ডলার এবং অস্ট্রেলিয়ান ডলার মুদ্রায় উপলব্ধ করা হবে। বিদেশি মুদ্রায় বিক্রিত অর্থ আরবিআইর সময়ে সময়ে প্রযোজ্য নিয়ম অনুসারে হবে।

বিদেশি মুদ্রায় ডিমাণ্ড ড্রাফট

ফেমা অনুযায়ী বিদেশি মুদ্রার লেনদেনে অর্থপ্রদান সম্পন্ন করার জন্য এফসিওয়াই ডিডি সুবিধা বিভিন্ন উদ্দেশ্যে উপলব্ধ করা যেতে পারেঃ

- কোন বন্ধু বা আত্মীয়কে কোন উপহার প্রদান করা
- বিভিন্ন প্রবেশিকা পরীক্ষার জন্য যেমন টোএফেল, জিম্যাট, ইত্যাদি আবেদন ফির জন্য অর্থপ্রদান করা
- বিদেশে বিশ্ববিদ্যালয়ের ফি দেওয়া
- বিদেশে চিকিত্সার জন্য অর্থ
- আরবিআই নির্দেশিকা অনুসারে অন্যান্য অনুমোদিত উদ্দেশ্যে

এফসিআই ডিমাণ্ড ড্রাফট আমাদের শাখা দ্বারা চারটি বিদেশি মুদ্রায় দেওয়া হয়ে থাকেঃ ইউনাইটেড স্টেটস্ ডলার্স (ইউএসডি), গ্রেট ব্রিটেন পাউণ্ড (জিবিপি), ইউরো এবং জাপানিজ ইয়েন (জেপিওয়াই)।

ফিসিং:

এটি একটি পরিভাষা যা ওয়েবসাইটে স্পর্শকাতর এবং গোপনীয় তথ্য হস্তগত করার জন্য অপরাধ সম্পর্কিত কোন প্রতারণা বর্ণনা করার উদ্দেশ্যে ব্যবহৃত হয়ে থাকে। নেট ব্যবহারকারীগণ ব্যবহারকারীর নাম, পাসওয়ার্ড, অ্যাকাউন্টের বিশদ তথ্য, ক্রেডিট কার্ডের নম্বর, ইত্যাদি ওয়েবসাইটে গোপনীয় তথ্যপ্রকাশের জন্য প্রতারিত হয়ে থাকেন যেগুলি বিশ্বাসযোগ্য ওয়েবসাইট হিসাবে ছদ্মপ্রকাশ করে থাকে।

ফিসিং থেকে নিজেকে রক্ষা করার টিপসঃ

- সবসময় আপনার ব্রাউজারের অ্যাড্রেস বারে আমাদের ইউআরএল,www.kotak.com টাইপ করে ব্যাংকের ওয়েবসাইট খুলুন।
- ই-মেলের মাধ্যমে ব্যক্তিগত তথ্য প্রকাশের কোন অনুরোধে সাড়া দেবেন না।

- আমাদের ওয়েবসাইট খোলার সময় আপনার ব্রাউজারের নিচে সবসময় একটা প্যাডলক দেখুন।
- আমাদের নিকটতম শাখায় বা আমাদের 24-ঘন্টা গ্রাহক যোগাযোগ কেন্দ্রে যোগাযোগ করে যেকোন অপব্যবহারের বিষয়ে রিপোর্ট করুন। যেকোন সন্দেহজনক অপব্যবহারের বিষয়ে bank@kotak.com-এ ই-মেল করে আমাদের কাছেও রিপোর্ট করতে পারেন।

স্ফফিং:

এটি একটি পরিভাষা যা ছদ্মভান করে অবৈধভাবে স্পর্শকাতর তথ্য সংগ্রহ করার জালিয়াতি কাজকে বর্ণনা করে থাকে। ই-মেল স্ফফ হল একটি কৌশল যা আসল প্রেরণকারীকে লুকাবার এবং একজন প্রমাণিত বিশ্বস্ত সংস্থার ছদ্মভান হিসাবে করা হয়ে থাকে যাতে ব্যবহারকারী প্রতারিত হয়ে ই-মেলে গোপনীয় তথ্য প্রকাশ করে ফেলেন। সাধারণভাবে, এতে মনে হয় যে ই-মেল বৈধ ঠিকানা থেকে পাঠানো হয়েছে অথচ এর উত্তর পাঠাবার ঠিকানা প্রকৃত প্রতারক প্রেরকের ঠিকানা হয়ে থাকে। কোন ওয়েবসাইট স্ফফ হল এক ধরণের প্রতারণার কাজ যেখানে কোন প্রতারক সংস্থার দ্বারা এক বিখ্যাত ওয়েবসাইটের নকল করা হয়ে থাকে যার কারণে ব্যবহারকারীগণ প্রতারিত হয়ে স্পর্শকাতর তথ্যগুলো জানিয়ে দেন।

স্ফফিং-এর হাত থেকে নিজেকে রক্ষা করার টিপসঃ

- কোটাক মাহিন্দ্র ব্যাংক কখনো আপনাকে ই-মেলের মাধ্যমে ব্যক্তিগত তথ্য প্রকাশ করার অনুরোধ করে ই-মেল পাঠাবে না।
- ই-মেলের মাধ্যমে ব্যক্তিগত তথ্য প্রকাশের কোন অনুরোধে সাড়া দেবেন না।
- আমাদের ওয়েবসাইট খোলার সময় আপনার ব্রাউজারের নিচে সবসময় একটা প্যাডলক দেখুন।
- আমাদের নিকটতম শাখায় বা আমাদের 24-ঘন্টা গ্রাহক যোগাযোগ কেন্দ্রে যোগাযোগ করে যেকোন অপব্যবহারের বিষয়ে রিপোর্ট করুন। যেকোন সন্দেহজনক অপব্যবহারের বিষয়ে bank@kotak.com-এ ই-মেল করে আমাদের কাছেও রিপোর্ট করতে পারেন।

ভিসিং:

ভিসিং হল ফিসিং-এর মতোই, শুধুমাত্র এটি অবৈধভাবে গোপনীয় তথ্য সংগ্রহ করার জন্য ভিওআইপি (ভয়েস ওভার ইন্টারনেট প্রোটোকল)ব্যবহার করে থাকে। সাধারণতঃ, কোন প্রতারক পক্ষ দ্বারা গ্রাহককে একটি ভয়েস কল্ করে গ্রাহককে স্পর্শকাতর তথ্য প্রকাশ করার জন্য প্রতারণা করে থাকে, যেমন ব্যক্তিগত, আর্থিক বা টেলিফোন পদ্ধতির সুরক্ষা সম্পর্কিত হতে পারে যেমন আইভিআর (ইন্টারঅ্যাকটিভ ভয়েস রেসপন্স)।

ভিসিং-এর হাত থেকে নিজেকে রক্ষা করার টিপসঃ

- আপনার পাসওয়ার্ড বা পিন কাউকে প্রকাশ করবেন না যিনি নিজেকে কোটাক মাহিন্দ্র ব্যাংকের প্রতিনিধি বলে পরিচয় দিচ্ছেন। অনুগ্রহ করে মনে রাখবেন যে কোন কোটাক মাহিন্দ্র ব্যাংক কর্মী আপনার কাছ থেকে পাসওয়ার্ড বা পিন জানতে চাইবেন না।
- আপনাকে নির্দেশ দেওয়া হলেও টেলিফোন পদ্ধতিতে কোন ব্যক্তিগত অ্যাকাউন্ট সম্পর্কিত তথ্য ছেড়ে যাবেন না।
- কোন কল্ করার আগে অনুগ্রহ করে ক্ষতিকারক মেলে প্রাপ্ত ফোন নম্বরগুলো কোটাক মাহিন্দ্র ব্যাংকের 24-ঘন্টা গ্রাহক সেবা নম্বরে যাচাই করুন।
- যদি আপনার মনে হয় যে কোন ক্ষতিকারক মেল আপনার কাছে পাঠানো হয়েছে, আপনাকে অনুরোধ করে যে এক বিশেষ নম্বরে কল্ করতে যা কোটাক মাহিন্দ্র ব্যাংকের বলে ভাণ করছে, অনুগ্রহ করে আপনার নিকটতম শাখায় রিপোর্ট করুন

অথবা আমাদের 24-ঘন্টা গ্রাহক যোগাযোগ কেন্দ্রে যাচাই করুন। যেকোন সন্দেহজনক অপব্যবহারের বিষয়ে bank@kotak.com-এ ই-মেল করে আমাদের কাছেও রিপোর্ট করতে পারেন।

সাধারণ নেট ব্যাংকিং সুরক্ষা টিপস্:

- আপনার ব্যক্তিগত শনাক্তকরণ নম্বর (পিন) কখনো লিখে রাখবেন না, মনে রাখবেন! পিন নম্বর কাউকে জানাবেন না। আপনার পিন বা ব্যবহারকারীর আইডি বা পাসওয়ার্ড কাউকে জানাবার কারণে আপনার কোন ক্ষতি হলে কোটাক মাহিন্দ্র ব্যাংক তার জন্য দায়ি থাকবে না।

- পিন নির্বাচন করার জন্য, এরকম কোন সংখ্যা বা শব্দ বাছবেন না যা সহজেই চিহ্নিত করা যায়। আদ্যক্ষর, ফোন নম্বর অথবা জন্মতারিখ ব্যবহার করা এড়িয়ে চলুন।

- ব্যাঙ্কের রেকর্ডে আপনার সঠিক মোবাইল নম্বর এবং ই-মেল আইডি আপডেট করুন।

- আপনার মোবাইল নম্বর এবং ই-মেল আইডি - এর নিরাপত্তা সুনিশ্চিত করুন।

- এই সুবিধা উপলব্ধ করার জন্য আপনার মোবাইল নম্বর এবং ই-মেল আইডি সক্রিয় রাখুন।

- সঠিক মোবাইল নম্বর এবং ই-মেল আইডি নথিভুক্ত না করলে, আপনার অ্যাকাউন্টে জালিয়াতি বা প্রতারণামূলক লেনদেনের তথ্য অথবা স্বাভাবিক লেনদেনের তথ্য সম্পর্কিত সতর্কতা না পাওয়ার জন্য ব্যাঙ্ক কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

- কোডাক মাহিন্দ্র ব্যাংক ই-মেল এবং এসএমএস সতর্কীকরণের সুবিধাপ্রদান করে থাকে যা আপনাকে লেনদেনে সতর্কীকরণ পাঠায়। সবসময়েই ব্যাংক দ্বারা পাঠানোর ইমেল/এসএমএস-অ্যালার্টের দিকে নজর রাখুন কারণ এগুলি আপনার অর্থের হদিশ রাখবে এবং যেকোন অপব্যবহার রুখবে।

- আপনার দেওয়া মোবাইল নম্বরে এবং/অথবা ই-মেলে ব্যাঙ্ক আপনার লেনদেন সংক্রান্ত তথ্য/সতর্কতা প্রদান করার মাধ্যমে আপনার লেনদেন সংক্রান্ত তথ্য/সতর্কতা সম্বন্ধে আপনাকে অবগত করে।

- যদি আপনি মনে করেন যে আপনার নেট ব্যাংকিং পাসওয়ার্ড সুরক্ষার কোন উল্লঙ্ঘন হয়েছে অথবা ডেবিট কার্ড হারিয়ে গেছে, অনুগ্রহ করে আমাদের 24-ঘন্টা গ্রাহক যোগাযোগ কেন্দ্রে অবিলম্বে যোগাযোগ করুন।

সাধারন মোবাইল ব্যাঙ্কিং/নেট ব্যাঙ্কিং/এসএমএস অ্যালার্টস - নিরাপত্তাজনিত টিপস্

- মোবাইল পার্সোনাল আইডেন্টিফিকেশন নম্বর (এমপিন) কখনোও লিখে রাখবেন না - মনে রাখুন! কাউকে আপনার এমপিন সম্বন্ধে জানাবেন না। আপনার এমপিন বা ইউজার আইডি শেয়ার করার ফলে আপনার যদি কোনোরকম ক্ষতি হয় তাহলে কোটাক মহীন্দ্রা ব্যাঙ্ক দায়ী থাকবে না।

- আপনি যখন এমপিন মনোনয়ন করবেন, তখন ফোন নম্বর বা জন্ম তারিখ ব্যবহার করার থেকে বিরত থাকাই ভালো। সহজেই শনাক্ত করা যায় এমন সংখ্যা বা অক্ষর চয়ন করবেন না।

- ব্যাঙ্কের রেকর্ডে আপনার সঠিক মোবাইল নম্বর এবং ই-মেল আইডি আপডেট করুন।

- আপনার মোবাইল নম্বর এবং ই-মেল আইডি - এর নিরাপত্তা সুনিশ্চিত করুন।

- এই সুবিধা উপলব্ধ করার জন্য আপনার মোবাইল নম্বর এবং ই-মেল আইডি সক্রিয় রাখুন।

- সঠিক মোবাইল নম্বর এবং ই-মেল আইডি নথিভুক্ত না করলে, আপনার অ্যাকাউন্টে জালিয়াতি বা প্রতারণামূলক লেনদেনের তথ্য অথবা স্বাভাবিক লেনদেনের তথ্য সম্পর্কিত সতর্কতা না পাওয়ার জন্য ব্যাঙ্ক কর্তৃপক্ষকে দায়ী করা যাবে না।

- কোটাক মহীন্দ্রা ব্যাঙ্ক ই-মেল এবং এসএমএস - এর মাধ্যমে আপনার লেনদেন সংক্রান্ত তথ্য প্রদান করে থাকে। আপনার অ্যাকাউন্টের তথ্য সম্বন্ধে জানতে এবং আপনার অ্যাকাউন্টের কোনোরকম অপব্যবহার প্রতিরোধ করার জন্য ব্যাঙ্কের দ্বারা পাঠানো ই-মেল/এসএমএস গুলির দিকে নজর রাখুন।

- আপনার দেওয়া মোবাইল নম্বরে এবং/অথবা ই-মেলে ব্যাঙ্ক আপনার লেনদেন সংক্রান্ত তথ্য/সতর্কতা প্রদান করার মাধ্যমে আপনার লেনদেন সংক্রান্ত তথ্য/সতর্কতা সম্বন্ধে আপনাকে অবগত করে।

- আপনি যদি সন্দেহ করেন যে আপনার নেট ব্যাঙ্কিং পাসওয়ার্ড অথবা ডেবিট কার্ড চুরি হয়ে গেছে, তাহলে অনুগ্রহ করে আমাদের 24 ঘন্টা কাস্টমার কন্ট্যাক্ট সেন্টারে তৎক্ষণাৎ যোগাযোগ করুন।

অননুমোদিত লেনদেনের ক্ষেত্রে গ্রাহকরা ব্যাঙ্কে অভিযোগ করুন।

- যে কোনো স্থানে ইলেকট্রনিক ব্যাঙ্কিং লেনদেনের ক্ষেত্রে এসএমএস অ্যালার্ট এবং ই-মেল অ্যালার্টের জন্য গ্রাহকদের অবশ্যই নিবন্ধন করতে হবে।

- গ্রাহকদের পরামর্শ দেওয়া হচ্ছে যে, কোনো অননুমোদিত ইলেকট্রনিক ব্যাঙ্কিং লেনদেন হলে যত শীঘ্র সম্ভব ব্যাঙ্কে অভিযোগ দায়ের করুন। কোনো অননুমোদিত ইলেকট্রনিক ব্যাঙ্কিং লেনদেনের ঘটনাটি ব্যাঙ্কে জানাতে যত দেরী হবে গ্রাহকের ক্ষতির সম্ভাবনা তত বৃদ্ধি পাবে।

- উপলব্ধ বিভিন্ন চ্যানেলের মাধ্যমে গ্রাহকরা অননুমোদিত ইলেকট্রনিক ব্যাঙ্কিং লেনদেনের অভিযোগ জানাতে পারেন যেমন - ওয়েবসাইট, ফোন ব্যাঙ্কিং, এসএমএস, ই-মেল, শাখা অফিস ইত্যাদির দ্বারা। অননুমোদিত ইলেকট্রনিক ব্যাঙ্কিং লেনদেনের প্রতিবেদন ও বিবরণ শাখা অফিসে/ব্যাঙ্কের ওয়েবসাইটে প্রদর্শিত হয়।

- গ্রাহকের কাছ থেকে অননুমোদিত লেনদেনের অভিযোগপত্র পাওয়ার পরে, ভবিষ্যতে যাতে ওই অ্যাকাউন্টে আর কোনো অননুমোদিত লেনদেন না হয় তার জন্য ব্যাঙ্ক কর্তৃপক্ষ অবিলম্বে ব্যবস্থা নেবে।

গ্রাহকের সীমিত দায়িত্ব

(ক) গ্রাহকের শূন্য দায়িত্ব

নিম্নোক্ত ঘটনাগুলির অনুরূপ অননুমোদিত লেনদেনের ঘটনা ঘটলে তার জন্য কোনো দায়ভার গ্রাহকের উপর বর্তাবে না:

(i) ব্যাঙ্ক কর্তৃপক্ষের দ্বারা যদি কোনোরকম জালিয়াতি/অবহেলা/ত্রুটি হয় (এক্ষেত্রে গ্রাহক যদি কোনো অভিযোগ নাও জানান তাহলেও গ্রাহকের কোনো দায়ভার থাকবে না)।

(ii) কোনো তৃতীয় পক্ষের দ্বারা জালিয়াতির ঘটনা ঘটলে, যেখানে না ব্যাঙ্ক কর্তৃপক্ষ দায়ী থাকে আর না গ্রাহক দায়ী থাকে কিন্তু সেই দায়ভার সিস্টেমের উপর বর্তায়, এবং ব্যাঙ্ক থেকে অননুমোদিত লেনদেন সম্পর্কিত তথ্য পাওয়ার পরের তিনটি কার্যদিবসের মধ্যে ব্যাঙ্কে গ্রাহককে অভিযোগ জানাতে হবে।

(খ) গ্রাহকের সীমিত দায়িত্ব

নিম্নোক্ত ঘটনাগুলির অনুরূপ অননুমোদিত লেনদেনের ঘটনা ঘটলে তার দায়ভার গ্রাহকের উপর বর্তাবে:

(i) গ্রাহকের অবহেলার জন্য যদি কোনো ক্ষতি হয়, যেমন লেনদেনের রসিদগুলির সম্বন্ধে কাউকে অবগত করলে, যতক্ষণ না তিনি ব্যাঙ্কে অননুমোদিত লেনদেনের অভিযোগ জানাচ্ছেন ততক্ষন পুরো ক্ষতির দায়ভার গ্রাহকের উপর বর্তাবে। অননুমোদিত লেনদেনের অভিযোগ জানানোর পর গ্রাহকের যদি আর কোনোরকম ক্ষতি হয় তাহলে তার দায়ভার ব্যাঙ্ক বহন করবে।

(ii) অননুমোদিত লেনদেনের জন্য যদি ব্যাঙ্ক বা গ্রাহক কেউই দায়ী না থাকে, কিন্তু তার দায়ভার সিস্টেমের উপর বর্তায় এবং সেই অভিযোগ গ্রাহক ব্যাঙ্কে জানাতে দেরী (ব্যাঙ্কের পক্ষ থেকে তথ্যাদি জানাবার চার থেকে সাতটি কার্যদিবসের মধ্যে) করে, যদি সাতটি কার্যদিবসের বেশী সময় অতিবাহিত হয়ে যায় তাহলে ব্যাঙ্ক বোর্ডের দ্বারা নির্ধারিত ক্ষতিপূরণের পলিসি অনুযায়ী ক্ষতির দায়ভার নিশ্চিতভাবে গ্রাহকের উপর বর্তায়।

অ্যাকাউন্টের ধরন	**সর্বাধিক দায়বদ্ধতা (টাকা)**
বিএসবিডি অ্যাকাউন্ট	5,000
• বিএসবিডি অ্যাকাউন্ট সমান অথবা কম • প্রিপেড পেমেন্টস সামগ্রী এবং গিফ্ট কার্ড • কারেন্ট/ক্যাশ ক্রেডিট/এমএসএমই - এর ওভারড্রাফ্ট অ্যাকাউন্টস • কারেন্ট অ্যাকাউন্ট/ক্যাশ ক্রেডিট/বার্ষিক গড় ব্যালান্স সহ ব্যক্তিগত ওভারড্রাফ্ট অ্যাকাউন্ট (জালিয়াতির ঘটনার পূর্ব 365 দিনের)/25 লক্ষ টাকা পর্যন্ত • 5 লক্ষ টাকার সীমা পর্যন্ত ক্রেডিট কার্ড	10,000 প্রতি বত্সর
• অন্যান্য সমস্ত কারেন্ট/ক্যাশ ক্রেডিট/ওভারড্রাফ্ট অ্যাকাউন্ট • 5 লক্ষ টাকার সীমা পর্যন্ত ক্রেডিট কার্ড	25,000

(খ) তৃতীয় পক্ষের দ্বারা জালিয়াতির ঘটনায় গ্রাহকের দায়িত্ব

তৃতীয় পক্ষের দ্বারা জালিয়াতির ঘটনায় গ্রাহকের সামগ্রিক দায়ভার উপরোক্ত অনুচ্ছেদ 6(ii) এবং অনুচ্ছেদ 7(ii) – এ বর্ণিত, যেখানে ব্যাঙ্কের এবং গ্রাহকের কোনো ত্রুটি থাকে না কিন্তু সিস্টেমের ত্রুটি থাকে, সারণি 2-এ এর সংক্ষিপ্ত বিবরণ:

সারণি 2 – গ্রাহকের দায়িত্বের সংক্ষিপ্ত বিবরণ

জালিয়াতির ঘটনা ঘটার তারিখ থেকে অভিযোগ জানানোর তারিখ পর্যন্ত সময়ের লেনদেনের প্রতিবেদন	**সর্বাধিক দায়বদ্ধতা (টাকা)**
3টি কার্যদিবসের মধ্যে 3টি কার্যদিবসের মধ্যে	শূন্য দায়ভার
4 থেকে 7টি কার্যদিবসের মধ্যে	লেনদেনের মান বা সারণি 1-এ উল্লিখিত পরিমাণ, যেটি কম হবে
7টি কার্যদিবস অতিক্রম করলে	ব্যাঙ্কের বোর্ড অনুমোদিত নীতি অনুযায়ী

- অভিযোগ জানানোর তারিখ ছাড়া সারণি 2-এ উল্লিখিত কার্যদিবসের সংখ্যা অনুযায়ী গ্রাহকের নিজস্ব শাখার কার্যদিবসের তালিকা গণনা করা হবে।

ডেবিট কার্ড এবং এটিএম সম্পর্কিত সুরক্ষা টিপসঃ

- আপনার ব্যক্তিগত শনাক্তকরণ নম্বর (পিন) আপনার কার্ডের পিছনে কখনোই লিখে রাখবেন না অথবা পিনটি কারো কাছে প্রকাশ করবেন না – মনে রাখুন!
- প্রথম এটিএম ব্যবহারেই আপনার পিনের পরিবর্তন করুন এবং জন্মতারিখ, ফোন নম্বর, ইত্যাদি সংখ্যা বাছাই করবেন না।
- কার্ড পাবার সাথে সাথেই স্বাক্ষরের প্যানেলে আপনার স্বাক্ষর করা সুনিশ্চিত করুন। কার্ড অ্যাকাউন্ট নম্বর এবং টেলিফোন নম্বরের রেকর্ড রাখবেন হারিয়ে গেলে বা চুরি গেলে রিপোর্ট করার জন্য। এই তালিকা এক নিরাপদ স্থানে রাখুন।
- প্রতিবার ক্রয় করার পরে আপনার কার্ড যেন ফিরে আসে তা নিশ্চিত করুন।
- ফোনে আপনার কার্ড নম্বর কখনো দেবেন না।
- বিক্রয় রসিদে সই করার সময় সবসময়েই লেনদেনের অর্থ যাচাই করুন।
- সবসময় বিক্রির রসিদ পরীক্ষা করুন এটি যাচাইর জন্য যেন রসিদের গ্রাহক প্রতিলিপি বিক্রয় প্রতিলিপিতে রেকর্ড করা অর্থের সাথে মিলে যায়।
- আপনার গাড়ির গ্লাভস্ কম্পার্টমেন্টে কার্ড রেখে যাবেন না।
- আপনার পিন এবং লেনদেন অর্থ সুরক্ষিত রাখুন, এবং অবিলম্বে আপনার লেনদেন বাতিল করুন এবং পরিত্যাগ করুন যদি কোন কিছু সন্দেহজনক দেখুন।
- আপনার এটিএম লেনদেন সম্পূর্ণ করার জন্য আপনার কার্ড এবং লেনদেন রেকর্ড নেবার কথা মনে রাখুন – আপনার রসিদ পিছনে ছেড়ে আসবেন না। আপনার মাসিক বিবরণের সাথে যাচাই করুন।
- এটিএমে দাঁড়াবার সময় আপনার নগদ অর্থ গুণবেন না – অবিলম্বে আপনার নগদ অর্থ, কার্ড এবং রসিদ সরিয়ে ফেলুন।
- এটি সুনিশ্চিত করুন আপনার পিছনে অপেক্ষমান কেউ আপনার পিন অথবা লেনদেনের অর্থ যা আপনি প্রবিষ্ট করাচ্ছেন যেন না দেখতে পারে।
- যদি আপনি এটিএম মেসিন থেকে আপনার কার্ড উদ্ধার না করতে পারেন, কেউ সাহায্যের প্রস্তাব দিলে সন্দিগ্ধ হন, এমনকি ওনাকে ব্যাংকের নিরাপত্তা অফিসার বলে মনে হলেও। কোন আগন্তুকের কাছ থেকে সাহায্য নেবেন না।
- যদি সন্দেহ হয় যে আপনার ডেবিট কার্ড হারিয়ে গেছে, অনুগ্রহ করে অবিলম্বে আমাদের 24-ঘন্টা গ্রাহক যোগাযোগ কেন্দ্রে যোগাযোগ করুন।

কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আমাদের 24-ঘন্টা গ্রাহক যোগাযোগ কেন্দ্র-এ যোগাযোগ করুন অথবা bank@kotak.com-এ লিখুন এবং আমরা আপনাকে সাহায্য করতে পারলে খুশী হব।

নিজ দেশে অর্থপ্রেরণ

ডিমাণ্ড ড্রাফট (ডিডি)/ব্যাংকার্স চেক (বিসি):

ডিমাণ্ড ড্রাফটঃ

অর্থ পরিশোধ সম্পন্ন করার জন্য ডিমাণ্ড ড্রাফট হল এক আইনি দলিল। অর্থ পরিশোধ করার জন্য এটি এক নিগোশিয়েবল ইন্সট্রুমেন্ট এবং লিখিত নির্দেশ। স্থানীয় ব্যাংক শাখায় ড্রাফট ড্রয়িং বন্দোবস্তের মাধ্যমে অনুরূপ ব্যাংকের অবস্থান ব্যতীত অন্য কোন স্থানের জন্য ড্রাফট ইস্যু করা ছাড়াও ব্যাংক নিজস্ব শাখায়, ব্যাংকের অনুরূপ শাখার উপরে ডিডি ইস্যু করে থাকে।

ব্যাংকার্স চেকঃ স্থানীয়ভাবে অর্থপ্রেরণের জন্য গ্রাহকদের এই সুবিধাপ্রদান করা হয়ে থাকে। ব্যাংকার্স চেক ইস্যুকরা শাখায় কাটা হয় এবং অর্থপ্রদান করা হয়।

ডিডি/বিসি ইস্যু করার মাশুল জেনারেল সিডিউল অফ চার্জেসে সুনির্দিষ্টভাবে উল্লেখিত আছে।

ন্যাশানাল ইলেকট্রনিক ফাণ্ড ট্রান্সফার (এনইএফটি)

এটি এক কার্যকর, নিশ্চিন্ত, মিতব্যয়ী, নির্ভরযোগ্য এবং দ্রুত অর্থের হস্তান্তর পদ্ধতি সহজতর করার জন্য, সারা ভারতব্যপী ব্যাংকিং শিল্পে ক্লিয়ারিং-এর জন্য এবং বর্তমান কাগজ সম্বলিত অর্থ স্থানান্তর এবং ক্লিয়ারিং-এর ঝামেলা এড়াবার জন্য।

ইলেকট্রনিক ক্লিয়ারিং সিস্টেম (ইসিএস)

এই পদ্ধতির মাধ্যমে ভারতীয় রিজার্ভ ব্যাংক গ্রাহকদের জন্য কাগজ সম্বলিত আইনি দলিলের ব্যাপক এবং পুনরাবৃত্ত অর্থ লেনদেনের বিকল্পের সুবিধা পরিকল্পনা করেছে যেমন ডিভিডেণ্ড, কমিশন, সুদ, ইত্যাদি।

রিয়েল টাইম গ্রস্ সেটেলমেন্ট (আরটিজিএস)

আরটিজিএস হল একপ্রকারের অর্থ স্থানান্তরের প্রক্রিয়া যাতে "রিয়েল টাইম" এবং "গ্রস" ভিত্তিতে এক ব্যাংক থেকে অন্য ব্যাংকে অর্থ স্থানান্তর করা যায়। ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে এটি হল সর্বাপেক্ষা দ্রুত সম্ভাব্য অর্থ স্থানান্তরের পদ্ধতি। "রিয়েল টাইম"-এ সম্পন্ন করার অর্থ হল অর্থ লেনদেনের জন্য কখনও প্রতীক্ষা করতে হয় না। লেনদেনগুলি সম্পন্ন করা হয় যেমাত্র সেগুলি সম্পাদনের জন্য তৈরি হয়।"গ্রস্ সম্পাদন"-এর অর্থ হল একের সাথে একের ভিত্তিতে সম্পন্ন করা অন্য কোন লেনদেনের সাথে গুচ্ছভাবে যুক্ত না করে। এটা বিবেচনা করে যে ভারতীয় রিজার্ভ ব্যাংকের বই-এ অর্থ স্থানান্তর হয়ে থাকে, অর্থপ্রদানকে চূড়ান্ত এবং অবাতিলযোগ্য বলে গণ্য করা হয়। আরটিজিএস ব্যবহার করে গ্রাহকগণ 2লক্ষ টাকা বা তার অধিক অর্থের স্থানান্তর যেকোন অংশগ্রহণকারী শাখায় করতে পারেন।

গ্রাহকের অ্যাকাউন্টের গোপনীয়তা

গ্রাহকের স্পষ্ট অথবা সূচিত সম্মতি ব্যতিত ব্যাংক গ্রাহকের অ্যাকাউন্টের বিবরণ বা বিশদ তথ্য কোন তৃতীয় পক্ষের কাছে প্রকাশ করবে না। তবে এর কিছু ব্যতিক্রমও আছে, যেমন আইনের বাধ্যবাধ্যকতায় তথ্যের প্রকাশ, যেখানে জনগণের কাছে প্রকাশ করার এক দায়িত্ব আছে এবং যেখানে ব্যাংকের স্বার্থে প্রকাশের প্রয়োজন আছে।

মৃত ব্যক্তির আমানত অ্যাকাউন্টে বকেয়া অর্থের নিষ্পত্তি করা

- যদি আমানতকারী ব্যাংকের কাছে মনোনয়ন নথিভূক্ত করে থাকেন, মনোনীত ব্যক্তির পরিচয়, ইত্যাদির বিষয়ে ব্যাংক সন্তুষ্ট হলে মৃত ব্যক্তির আমানত অ্যাকাউন্টে গচ্ছিত বাকি অর্থ মনোনীত ব্যক্তির অ্যাকাউন্টে স্থানান্তর করতে হবে বা ওনাকে প্রদান করতে হবে।
- উপরোক্ত পদ্ধতি অনুসরণ করা হবে এমনকি জয়েন্ট অ্যাকাউন্টে যেখানে মনোনয়ন ব্যাংকের কাছে নথিভূক্ত করা আছে।
- জয়েন্ট ডিপোজিট অ্যাকাউন্টে, যেখানে জয়েন্ট অ্যাকাউন্ট গ্রাহকদের মধ্যে একজন মারা যান, ব্যাংককে মৃত ব্যক্তির আইনি উত্তরাধিকারীগণ এবং জীবিত আমানতকারীগণকে যৌথভাবে অর্থপ্রদান করতে হবে। তবে, যদি জয়েন্ট অ্যাকাউন্ট গ্রাহকগণ অ্যাকাউন্টে গচ্ছিত বাকি অর্থের জন্য কোন এই প্রকারের নির্দেশনামা যেমন "আইদার অর সার্ভাইভার, ফর্মার/ল্যাটার অর সার্ভাইভার, এনি ওয়ান অফ সার্ভাইভার্স অর সার্ভাইভার, ইত্যাদি", মৃত ব্যক্তির উত্তরাধিকারীগণের আইনি কাগজপত্র পেশে বিলম্ব এড়াবার জন্য, নির্দেশনামা অনুযায়ী অর্থপ্রদান করা হবে।

- মনোনয়নের অনুপস্থিতিতে এবং যখন ব্যাংকের কোন যুক্তিগ্রাহ্য সংশয় থাকে না অথবা দাবীদারদের মধ্যে কোন বিতর্ক থাকে না, ব্যাংক, মৃত ব্যক্তির অ্যাকাউন্টে বাকি জমা রাশি সমস্ত আইনি উত্তরাধিকারীগণের দ্বারা স্বাক্ষরিত যৌথ আবেদনপত্র এবং খেসারত মুচলেকা অথবা আইনি উত্তরাধিকারীগণের দ্বারা ওনাদের পক্ষে আইনি কাগজপত্র ছাড়াই অর্থগ্রহণ করতে যে ব্যক্তিকে অধিকার প্রদান করা হয়েছে, ব্যাংকের বোর্ড সময়ে সময়ে অনুমোদিত সেই সীমা পর্যন্ত, অর্থপ্রদান করবে। এটি করা হয় সুনিশ্চিত করার জন্য যেন আমানতকারীগণ আইনি আনুষ্ঠানিকতার কারণে বিলম্বের জন্য অসুবিধার মধ্যে না পড়েন।

মৃত ব্যক্তির অ্যাকাউন্টে টার্ম ডিপোজিটে প্রদেয় সুদ

আমানতের মেয়াদ সমাপ্ত হবার আগে আমানতকারীর মৃত্যুতে এনং মেয়াদ সমাপ্ত হলে আমানত দাবি করা হলে, ব্যাংক চুক্তিমত হারে আমানতের উপরে মেয়াদকাল পর্যন্ত সুদপ্রদান করবে। মেয়াদ সমাপ্ত হবার দিন থেকে অর্থপ্রদানের তারিখ অবধি, ব্যাংক মেয়াদ সমাপ্তির দিনে প্রযোজ্য সাধারণ হারে সুদপ্রদান করবে, সেই সময়ের জন্য যতদিন আমানত মেয়াদ সমাপ্ত হবার পরেও ব্যাংকে গচ্ছিত থাকে, এই বিষয়ে ব্যাংকের নীতি অনুযায়ী।

তবে, আমানতের মেয়াদ সমাপ্ত হবার আগেই যদি আমানতকারীর মৃত্যু হয়, ব্যাংক মেয়াদ প্রাপ্তির সময়ে প্রযোজ্য সেভিংস আমানতের হারে মেয়াদ সমাপ্ত হবার দিন থেকে অর্থপ্রদানের তারিখ অবধি সুদপ্রদান করবে।

আমানতের জন্য বীমাসুরক্ষা

ব্যাংকের আমানত ডিপোজিট ইন্স্যুরেন্স এণ্ড ক্রেডিট গ্যারান্টি কর্পোরেশন অফ্ ইণ্ডিয়া (ডিআইসিজিসি)দ্বারা প্রদত্ত বীমাপ্রকল্পের অধীনে সুরক্ষিত থাকে ডিআইসিজিসি নির্দেশিত কিছু নিয়ন্ত্রণ এবং শর্তাবলী সাপেক্ষে।

- সমস্ত বাণিজ্যিক ব্যাংকসমূহ, ভারতে কার্যরত বিদেশি ব্যাংকের শাখাসহ, স্থানীয় ব্যাংক এবং আঞ্চলিক গ্রামীন ব্যাংকগুলি ডিপোজিট ইন্স্যুরেন্স এণ্ড ক্রেডিট গ্যারান্টি কর্পোরেশন অফ্ ইণ্ডিয়া (ডিআইসিজিসি)দ্বারা বীমাকৃত।
- ডিআইসিজিসি সমস্ত আমানত যেমন সেভিংস, ফিক্সড, কারেন্ট, ইত্যাদির বীমা করে।
- কোন ব্যাংকের কোন আমানতকারীর একই অধিকারে এবং একই ক্ষমতায় থাকা বিভিন্ন শাখায় গচ্ছিত আমানতকে, সর্বোচ্চ 5,00,000 টাকা (পাঁচ লক্ষ টাকা মাত্র) আসল এবং সুদ উভয়সহ যোগ করা হয় সেই দিন অবধি যখন ব্যাংক দেউলিয়া হয়ে যাবে/ব্যাংকের লাইসেন্স বাতিল হয়ে যাবে অথবা সেই দিনে যখন বিলয়/অর্ন্তভূক্ত/পুর্নগঠিত হবার পরিকল্পনা কার্যে পরিণত হবে।
- ডিআইসিজিসি আসল এবং সুদে সর্বোচ্চ 5 লক্ষ টাকা পর্যন্ত বীমা করে। উদাহরণস্বরূপ, যদি কোন ব্যক্তির একটি অ্যাকাউন্ট থেকে থাকে যাতে মূলধন 4,95,000 টাকা ছাড়াও তার উপরে জমা সুদের অর্থ 4,000 টাকা হয়, তাহলে ডিআইসিজিসি দ্বারা বীমাকৃত অর্থের পরিমাণ হবে 4,99,000 টাকা। তবে, অ্যাকাউন্টের মূলধন যদি 5 লক্ষ টাকা হয়, তাহলে জমাকৃত সুদের বীমা হবে না, এটা সুদ হবার কারণে নয়, সুদসহ অর্থের পরিমাণ বীমাকৃত সীমা 5 লক্ষ টাকার উপরে যাচ্ছে বলে।
- আমানত বীমা স্থির করার আগে একই ব্যাংকে একই মালিকাধীন সমস্ত গচ্ছিত অর্থ একসঙ্গে যোগ করা হবে। যদি আমানত বিভিন্ন ধরণের মালিকাধীনভূক্ত হয়ে থাকে অথবা বিভিন্ন ব্যাংকে গচ্ছিত থাকে, তাহলে সেগুলির আলাদা আলাদাভাবে বীমাকরণ হবে। আপনার যদি একের বেশি ব্যাংকে আমানত থাকে, প্রত্যেক ব্যাংকের ক্ষেত্রে আমানত বীমাসুরক্ষার সীমা আলাদা আলাদাভাবে প্রযোজ্য হবে।
- যদি কোন ব্যক্তি কোন ব্যাংকের এক বা তার বেশি শাখায় একের বেশি ডিপোজিট অ্যাকাউন্ট খোলেন। যেমন, মিষ্টার এক্স এক বা তার বেশি সেভিংস বা কারেন্ট অ্যাকাউন্ট খুললেন এবং এক বা বেশি ফিক্সড বা রেকারিং ডিপোজিট অ্যাকাউন্ট খুললেন, ইত্যাদি। এই সব অ্যাকাউন্টগুলিই একই ক্ষমতায় এবং একই অধিকারে আছে বলে গণ্য করা হবে। তাহলে, ঐ সমস্ত অ্যাকাউন্টের গচ্ছিত অর্থকে যোগ করা হবে এবং বীমাসুরক্ষা সর্বোচ্চ 5 লক্ষ টাকা পর্যন্ত উপলব্ধ হবে। যদি মিষ্টার এক্স অন্যান্য ডিপোজিট অ্যাকাউন্ট কোন সংস্থার অংশীদার হিসাবে অথবা কোন অপ্রাপ্তবয়স্কের অভিভাবক হিসাবে বা কোন সংস্থার পরিচালক হিসাবে বা ট্রাস্টের ট্রাস্টি হিসাবে বা জয়েন্ট অ্যাকাউন্টে খোলেন, ধরুন, ওনার স্ত্রী, মিসেস ওয়াইর সাথে ব্যাংকের কোন একটি বা বেশি শাখায়, তাহলে ধরা হবে ঐ অ্যাকাউন্টগুলি বিভিন্ন ক্ষমতায় এবং বিভিন্ন অধিকারে গণ্য করা হবে। সেই অনুসারে, ঐ আমানতগুলি আলাদাভাবে 5 লক্ষ টাকা পর্যন্ত বীমাসুরক্ষা লাভ করবে।

- মালিকাধীন সংস্থার নামে গচ্ছিত আমানত যেখানে কোন আমানতকারী একক মালিক থাকেন এবং ওনার একক ক্ষমতায় থাকা আমানত অর্থ যোগ করা হয়, সেখানে সর্বোচ্চ বীমাসুরক্ষা 5 লক্ষ টাকা পর্যন্ত উপলব্ধ হবে।

ঐ বিষয়ে আরো বিশদ তথ্যের জন্য অনুগ্রহ করে www.dicgc.org.in উল্লেখ করুন।

নিষ্ক্রিয় অ্যাকাউন্ট

সেই সমস্ত অ্যাকাউন্টগুলি যেখানে কোন 'গ্রাহক নিষ্ক্রিয়তা' লেনদেন প্রক্রিয়ায় (প্রবর্তিত লেনদেনের বাইরের পদ্ধতি যেমন জমা সুদ, ঋণ সুদ, ইত্যাদি) ক্রমাগতঃ 24 মাস ধরে চলতে থাকে, সেগুলিকে গ্রাহকদের স্বার্থে নিষ্ক্রিয় অ্যাকাউন্ট বলা হয়। এই ধরণের অ্যাকাউন্টগুলির অবস্থান শুধুমাত্র গ্রাহকের লিখিত নির্দেশে নিষ্ক্রিয় অবস্থা থেকে সক্রিয় অবস্থায় পরিণত হবে, প্রাসঙ্গিক পরিচয়প্রমাণের কাগজের সহায়তায় এবং অ্যাকাউন্টের আর্থিক লেনদেন প্রক্রিয়ার সূত্রপাত করে। সুবিধাজনক ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে লেনদেন যেমন এটিএম, নেট ব্যাংকিং, মোবাইল ব্যাংকিং, ফোন ব্যাংকিং, ইত্যাদি ব্যাংক দ্বারা অনুমোদিত হবে না যতক্ষণ পর্যন্ত অ্যাকাউন্টটি নিষ্ক্রিয় থাকে।

সেফ ডিপোজিট লকার

ব্যাংকের নির্বাচিত শাখায় এই সুবিধা উপলব্ধ হয়ে থাকে এবং যখনই এই সুবিধা দেওয়া হোক, এই পরিষেবার সাথে যুক্ত সেফ ডিপোজিট ভল্টের লভ্যতার উপরে এবং অন্যান্য শর্তাবলী পালনের উপরে নির্ভর করবে। সেফ ডিপোজিট লকার কোন ব্যক্তি ভাড়া করতে পারেন(অপ্রাপ্তবয়স্ক নয়) এককভাবে বা যৌথভাবে অন্য ব্যক্তি(গণ), হিন্দু যৌথ পরিবার, লিমিটেড প্রতিষ্ঠান, সংস্থা, সোসাইটি, ট্রাস্ট, ইত্যাদিরর সাথে। এককভাবে বা যৌথভাবে লকারের ধারক ব্যক্তি(গণ)কেও মনোনয়নের সুবিধা উপলব্ধ করা হয়ে থাকে। মনোনয়ন ব্যতিত একক লকার-ভাড়াটের মৃত্যুতে, একটি বৈধ উইল উপলব্ধ হয়, উইল নির্বাহক/প্রশাসককে হস্তক্ষেপের অধিকার দিতে হবে।

অভিযোগ এবং অসুবিধা

ব্যাংক দ্বারা প্রদত্ত পরিষেবার বিষয়ে যেসব গ্রাহকদের অভিযোগ বা অসুবিধা আছে, তাদের গ্রাহক অভিযোগ এবং অসুবিধা মোকাবিলার জন্য ব্যাংক দ্বারা নিয়োজিত কর্তৃপক্ষ(গণ)-এর কাছে অভিযোগ জানানোর অধিকার আছে। এই অভিযোগ এবং অসুবিধা প্রতিকারের বিশদ তথ্য এবং পদ্ধতি ব্যাংকের শাখায়/ব্যাংকের ওয়েবসাইটে দেওয়া আছে। অভিযোগ পেশ করার পদ্ধতির জন্য সমস্ত প্রয়োজনীয় তথ্য শাখা কর্তৃপক্ষ উপলব্ধ করবেন। অভিযোগ রুজু করার 30 দিনের মধ্যে যদি গ্রাহক ব্যাংক থেকে ওনার সন্তুষ্টিমত কোন উত্তর না পান, তিনি ভারতীয় রিজার্ভ ব্যাংক দ্বারা নিযুক্ত ব্যাংকিং ওমবাডসম্যানের কাছে অভিযোগ জানাতে পারেন।

চেক ড্রপবক্স এবং চেকের প্রাপ্তিস্বীকার

ড্রপবক্স সুবিধা শাখায় উপলব্ধ থাকলেও ব্যাংকের কাউন্টারে চেক জমা দিলে গ্রাহকদের প্রাপ্তিস্বীকার রসিদ দেওয়া হবে যখনই তারা তা চাইবেন। এছাড়াও শাখার এটিএম ড্রপবক্সের উপর নোটিং থাকে যেমন "গ্রাহকগণও কাউন্টারে চেক জমা দিতে পারেন এবং পে-ইন-শ্লিপে প্রাপ্তিস্বীকার নিতে পারেন"।

ডু-নট-কল্ রেজিস্ট্রী

ব্যাংক গ্রাহকদের কাছে তাদের সর্বশেষ পণ্যবস্তু এবং পরিষেবা সম্বন্ধে তথ্য দিতে পারে। আমরা এই সব তথ্য চিঠিতে, ই-মেল বা ফোনে প্রেরণ করতে পারি এবং শুধুমাত্র সেসব ব্যক্তিদের কাছে পাঠিয়ে থাকি যা আমরা ভাবি তাদের কাছে যেসমস্ত পণ্যবস্তু এবং পরিষেবা আগ্রহের এবং লাভজনক হতে পারে।

আমরা আপনার গোপনীয়তাকে সম্মান জানাই এবং উপলব্ধি করি আপনার মধ্যে কেউ কেউ ফোনে/ইমেলে/এসএমএসে আমাদের টেলিমার্কেটিং কার্যকলাপ সম্বন্ধে অবহিত হতে চান না। এইরকম যদি আপনার মনে হয়, আপনি আমাদের ওয়েবসাইটে উপলব্ধ ডু-নট-কল পরিষেবা নথিভূক্তের সুবিধা ব্যবহার করতে পারেন অথবা আমাদের লিখুন বা আপনার ফোন নম্বর(গুলি) কল করুন এবং নথিভূক্ত করুন যা আপনি আমাদের টেলিমার্কেটিং তালিকা থেকে বাদ দিতে চান। নাম নথিভূক্ত করার জন্য আপনার দেওয়া বিশদ তথ্য গোপনীয় থাকবে।

একবার নথিভূক্ত হবার পরেঃ

- আমরা সর্বাংশে প্রচেষ্টা করবো যাতে আপনি ব্যাংক থেকে নথিভূক্ত নম্বর(গুলি)তে কোন অপ্রীতিকর মার্কেটিং কল্ না পান।

- অনুগ্রহ করে ঐ সুনির্দিষ্ট নম্বরগুলি আমাদের টেলিমার্কেটিং তালিকা থেকে সরিয়ে ফেলার জন্য 15টি কাজের দিনের সময় দিন।

ডিপোজিটারি পার্টিসিপে-ট সার্ভিসেস

ব্যাঙ্ক তাদের উপভোক্তাদের জন্যে বিভিন্ন ধরণের পণ্য ও পরিষেবার সুবিধা দেয়, ডিপোজিটারি পরিষেবা হল তাদের মধ্যে একটি | এই ব্যাঙ্কটি সারা ভারতবর্ষ জড়ে ছড়িয়ে থাকা বিভিন্ন শাখার মাধ্যমে তাদের ডিপোজিটারি পরিষেবা দেওয়ার জন্যে ব্যাঙ্কটি ডিপোজিটারি পার্টিসিপেন্ট (ডিপি) হিসাবে উভয় ডিপোজিটারি (অর্থাৎ এনএসডিএল এবং সিডিএসএল)-এর সাথেই নিবন্ধভুক্ত এই পরিষেবার মধ্যে আছে অ্যাকাউন্ট খোলা এবং চাল রাখা, ডিমেটেরিয়ালাইজেশন, রিমেটিরিয়ালাইজেশন, মার্কেট ট্রান্সফারের মাধ্যমে ট্রেড সেটল করা, অফ মার্কেট ট্রান্সফারস্, ইন্টার-ডিপোজিটারি ট্রান্সফারস, নমিনেশন, ট্রান্সমিশন, জনসংখ্যাতাত্ত্বিক বিবরণের পরিবর্তন, ইত্যাদি |

অ্যাকাউন্ট খোলা - গ্রাহককে তাঁর ফিজিক্যাল হোল্ডিংসকে শেয়ার সার্টিফিকেটসের প্রকারে প্রাপ্ত করে ইলেক্ট্রনিক ফর্মে পরিবর্তন করার জন্যে একটি ডিম্যাট অ্যাকাউন্ট খোলার প্রয়োজন হয় | শেয়ার সার্টিফিকেটসে হোল্ডিং প্যাটার্ন অনুযায়ী অ্যাকাউন্ট খুলতে হয় যাতে এই শেয়ারগুলিকে ফিজিক্যাল থেকে ইলেক্ট্রনিক প্রকারে পরিবর্তিত করা যায় | যদি মধ্যমপ্রকার মার্কেট লেনদেন করতে হয়, অর্থাৎ একজন নিবন্ধভুক্ত স্টক ব্রোকারের মাধ্যমে শেয়ারের ক্রয় / বিক্রয় করার প্রয়োজন হয়, সেক্ষেত্রে গ্রাহককে তাঁর ডিম্যাট অ্যাকাউন্টের বিবরণ তাঁর ব্রোকারকে দিতে হয় যাতে শেয়ারের ক্রয় / বিক্রয়ের অর্থ তাঁর অ্যাকাউন্টের মাধ্যমে করতে পারেন একটি ডিম্যাট অ্যাকাউন্ট খোলার জন্যে গ্রাহককে যথাযথভাবে ভর্তি করা অ্যাকাউন্ট ওপেনিং অ্যাপ্লিকেশন ফর্ম এবং তার সাথে আনুষঙ্গিক কেওয়াইসি ডকুমেন্টস (অর্থাৎ আইডেন্টিটির প্রমাণ, ঠিকানার প্রমাণ এবং অন্যান্য বিবরণসহ একটি পাসপোর্ট সাইজের ছবি) ডিপোজিটারি পার্টিসিপেন্টের কাছে জমা করতে হয় | সকল নথিপত্রগুলিকে স্ব-সত্যায়িত প্রতিলিপি(সেল্ফ-অ্যাটেস্টেড) হতে হবে গ্রাহকের দ্বারা জমা করা নথি / বিবরণ জমা করার পরে এটির সফল প্রক্রিয়াকরণ হলে, ডিম্যাট অ্যাকাউন্ট খোলা হয় এবং এটি ব্যাঙ্কের দ্বারা গ্রাহককে জানানো হয় | গ্রাহককে তদ্পরপরবর্তী ব্যাঙ্কের যেকোনো বার্তালাপের সময়ে এই নম্বরটি উল্লেখ করতে হবে |

শেয়ারের ডিমেটিরিয়ালাইজেশন : যেসকল সিকিউরিটিগুলি তাদের নিজস্ব ডিপোজিটরের সাথে নিবন্ধভুক্ত করা আছে কেবলমাত্র সেগুলিকেই ডিমেটিরিয়ালাইজ করা যাবে | কেবলমাত্র যেসকল হোল্ডিংস অ্যাকাউন্ট হোল্ডারদের সাথে নিবন্ধভুক্ত করা আছে সেগুলিকেই ডিমেটিরিয়ালাইজ করা যাবে | সিকিউরিটির হোল্ডারের নামের সাথে তাঁদের ডিম্যাট অ্যাকাউন্টের প্রদত্ত নামের সাথে মিল থাকতে হবে স্থানবিন্যাস অর্থাৎ ট্রান্সপোজিশন-সহ- ডিম্যাটের সুবিধা প্রাপ্ত হয়, যেখানে শেয়ার সার্টিফিকেটের নামগুলি ভিন্ন বিন্যাসের নামে থাকা সত্বেও সিকিউরিটিগুলিকে একই অ্যাকাউন্টে ডিমেটিরিয়ালাইজ করা যেতে পারে গ্রাহক (নিবন্ধভুক্ত মালিক)কে নির্ধারিত ডিম্যাট রিকোয়েস্ট ফর্মে ডিমেটিরিয়ালিজ করার জন্যে সিকিউরিটির সার্টিফিকেটগুলিসহ একটি আবেদন জমা করতে হবে | জমা করার আগে, গ্রাহককে 'সারেন্ডার্ড ফর ডিমেটিরিয়ালাইজেশন' লিখে সার্টিফিকেটগুলিকে ডিফেস করতে হবে একজন গ্রাহক সাধারণ ক্ষেত্রে ডিপি'র কাছে ডিম্যাট রিকোয়েস্ট জমা করার তারিখ থেকে 30 দিন পর্যন্ত সময়ের মধ্যে ডিম্যাট কনফার্মেশন পেতে পারেন শেয়ার ডিমেটিরিয়ালাইজ করার জন্যে প্রত্যেক সংস্থার জন্যে আলাদা আলাদা রিকোয়েস্ট করার প্রয়োজন হয় | একাধিক সংস্থার জন্যে ডিমেটিরিয়ালিজ করার জন্যে আলাদা রিকোয়েস্ট করতে হবে শাখাগুলি থেকে রিকোয়েস্ট ফর্মে প্রদত্ত বিবরণগুলিকে যাচাই করা হয় এবং ডিমেটিরিয়ালাইজেশন করার জন্যে কোম্পানিগুলির উপলব্ধতার বিষয়ে খবর নেওয়া হয় | ডিম্যাট অ্যাকাউন্টে যতজন হোল্ডারের নাম আছে রিকোয়েস্ট ফর্মে তাঁদের সকলের স্বাক্ষর থাকতে হবে | শাখা থেকে তখন ডিম্যাট অ্যাকাউন্টে প্রদত্ত স্বাক্ষরের সাথে রিকোয়েস্ট ফর্মে প্রদত্ত স্বাক্ষরের তুলনা করে যাচাই করা হয় | যদি সব কিছু যথাযথ থাকে, তখন শাখা থেকে রিকোয়েস্টটিকে সিস্টেমের মধ্য গ্রহণ করা হয় এবং সেটিকে পরবর্তী প্রক্রিয়াকরণ করার জন্যে কেন্দ্রীয় ডিপোজিটারি অপারেশনের কাছে প্রেরণ করা হয় | প্রেরিত রিকোয়েস্ট সেগুলির প্রযোজ্য আরটিএ / সংস্থা প্রক্রিয়াকরণ করতে পারেন কিংবা প্রত্যাখ্যানও করতে পারেন | যদি প্রত্যাখ্যাত হয় তবে নথিগুলিকে গ্রাহকের কাছে আবশ্যকীয় শূন্যস্থানগুলিকে পূরণ করতে প্রেরণ করা হবে এবং ডিমেটিরিয়ালাইজেশন করার জন্যে আবার জমা করতে হবে |

শেয়ারের রিমেটিরিয়ালাইজেশন : যেসকল সিকিওরিটি ইলেক্ট্রনিক ফর্মে তৈরি করা আছে এবং গ্রাহকগণ সেগুলিকে ফিজিক্যাল ফর্মে রাখতে চান তাঁদের রিমেটিরিয়ালাইজেশন করার জন্যে শাখার কাছে রিকোয়েস্ট জমা করতে হবে | গ্রাহকদের দ্বারা ডিম্যাট অ্যাকাউন্টের কেবলমাত্র ফ্রী ব্যালেন্স হোল্ডিংগুলিকে ফিজিক্যাল ফর্মে পরিবর্তিত করা যাবে | গ্রাহকদের রিমেটিরিয়ালাইজেশন করার জন্যে শাখাতে রিকোয়েস্ট জমা করতে হবে নির্ধারিত ফর্ম্যাটে শাখা থেকে ডিম্যাট অ্যাকাউন্টে প্রদত্ত সকল অ্যাকাউন্ট হোল্ডারের স্বাক্ষরের সাথে সাথে আবেদন পত্রে দেওয়া অন্যান্য বিবরণগুলিকে এবং ডিম্যাট অ্যাকাউন্টে প্রাপ্ত ফ্রী হোল্ডিংসগুলিকে মিলিয়ে দেখা হবে | যদি সবকিছু যথাযথ থাকে তখন শাখা থেকে সিস্টেমের মধ্যে এগুলিকে রেখে দেওয়া হবে এবং কেন্দ্রীয় ডিপোজিটারি অপারেশন অফিসে পরবর্তী প্রক্রিয়াকরণের জন্যে প্রেরণ করা হবে | প্রেরিত রিকোয়েস্ট সেগুলির প্রযোজ্য আরটিএ / সংস্থা প্রক্রিয়াকরণ করতে পারেন কিংবা প্রত্যাখ্যানও করতে পারেন | যদি প্রত্যাখ্যাত হয় তবে নথিগুলিকে গ্রাহকের কাছে আবশ্যকীয় শূন্যস্থানগুলিকে পূরণ করতে প্রেরণ করা হবে |

ট্রেডের নিষ্পত্তি : স্টক এক্সচেঞ্জ রুটের মাধ্যমে শেয়ার বিক্রয় করার জন্যে গ্রাহকদের একটি ট্রেডিং অ্যাকাউন্ট খুলতে হবে সেবি নিবন্ধভুক্ত ব্রোকারের (ক্লিয়ারিং মেম্বার) সাথে | ব্রোকারের মাধ্যমে শেয়ার বিক্রয় করার পরে গ্রাহককে শেয়ারগুলিকে তাঁর ডিম্যাট অ্যাকাউন্ট থেকে ব্রোকারের পুল অ্যাকাউন্টে (T+2) দিনের মধ্যে প্রেরণ করতে হবে | গ্রাহককে শাখাতে CM-BP ID (ক্লিয়ারিং মেম্বার), সেটলমেন্ট সেগমেন্ট, সেটলমেন্ট নম্বর ইত্যাদির বিবরণ উল্লেখ করে এবং তার সাথে শেয়ারের বিবরণ এবং বিক্রীত শেয়ারের সংখ্যা উল্লেখ করে ডেলিভারি ইনস্ট্রাকশান স্লিপ জমা করতে হবে | এই ধরণের ট্রেডগুলিকে 'অন-মার্কেট ট্রেড' বলে আখ্যা দেওয়া হয় যেখানে ট্রেড সেটল করা হয় আনুষঙ্গিক স্টক এক্সচেঞ্জের মাধ্যমে | একইভাবে যদি গ্রাহক একটি

ডিম্যাট অ্যাকাউন্ট থেকে অন্য ডিম্যাট অ্যাকাউন্টে একই ডিপোজিটারির মাধ্যমে ট্রান্সফার করতে চান যেখানে কোনো সেটলমেন্টের দায়িত্ব থাকে না, সেগুলিকে বলে 'অফ-মার্কেট ট্রেডস' |

যদি ইন্টার-ডিপোজিটারি নির্দেশ থাকে, যেখানে শেয়ার একটি ডিপোজিটারি অ্যাকাউন্টে থাকা একটি ডিম্যাট অ্যাকাউন্ট থেকে অন্য ডিপোজিটারি অ্যাকাউন্টের অন্য ডিম্যাট অ্যাকাউন্টে থাকে এটিকে বলা হয় 'ইন্টার-ডিপোজিটারি ট্রেড' |

যথাযথভাবে ভর্তি করা ইন্স্ট্রাকশান স্লিপ প্রাপ্ত হওয়ার পরে, শাখা থেকে ইনস্ট্রাকশান স্লিপে ভর্তি করা সকল আনুষঙ্গিক বিবরণ যাচাই করা হবে এবং যদি দেখা যায় যে সর্বতভাবে সব সঠিক আছে তখন সিস্টেমে ট্রান্স্যাকশান করা হবে | যদি সেটি প্রত্যাখ্যাত হয় তবে সেটি তৎক্ষণাৎ প্রয়োজনীয় সংশোধন করা হবে |

নমিনেশন :

একজন গ্রাহক নির্ধারিত নমিনেশন ফর্মে যেকোনো ব্যক্তির নামে তাঁর ডিম্যাট অ্যাকাউন্টের জন্যে কোনো নমিনেশন (মনোনয়ন) করতে পারেন | নমিনেশন অ্যাকাউন্ট হোল্ডার যেকোনো সময় আর একটি নমিনেশন ফর্ম ভর্তি করে এবং শাখায় জমা করে তাঁর পুরোনো নমিনেশন বদল বা প্রত্যাখ্যান করতে পারেন | ডিম্যাট অ্যাকাউন্টের অ্যাকাউন্ট হোল্ডারের মৃত্যু হলে শেয়ারগুলি তাঁর মৃত্যুকালীন নিবন্ধভুক্ত নমিনির নামে বদল হয়ে যাবে | ডিম্যাট অ্যাকাউন্টে সবসময় নমিনেশন করে রাখা উচিৎ |

ট্রান্সমিশন :

যদি যুগ্ম হোল্ডারদের একজন মৃত হন, সেক্ষেত্রে জীবিত হোল্ডারকে ব্যাঙ্কের কাছে নির্ধারিত ট্রান্সমিশন ফর্মের মাধ্যমে একটি নোটারি করা ডেথ সার্টিফিকেটের একটি প্রতিলিপিসহ অনুরোধ করতে হবে মৃত ব্যক্তির ্যাকাউন্টে থাকা সিকিউরিটিগুলিকে জীবিত হোল্ডারের অ্যাকাউন্টে প্রেরণ করার জন্যে | এর জন্যে জীবিত হোল্ডারকে একটি ডিপোজিটারি অ্যাকাউন্ট থাকতে হবে যেটি হতে পারে একই ডিপি'র সাথে যুক্ত অথবা একই ডিপোজিটারি কিন্তু ভিন্ন ডিপি'র সাথে যুক্ত অথবা অন্য ডিপোজিটারিও হতে পারে |

যদি একমাত্র হোল্ডারের মৃত্যু হয়, সেক্ষেত্রে আইনী উত্তরাধিকারী অথবা মৃত ব্যক্তির আইনী প্রতিনিধিকে ব্যাঙ্কের শাখায় আবেদন করতে হবে মৃত ব্যক্তির ডিম্যাট অ্যাকাউন্টে থাকা ব্যালেন্স শেয়ার যাতে আইনী উত্তরাধিকারী অথবা আইনী প্রতিনিধির অ্যাকাউন্টে প্রযোজ্য আনুষঙ্গিক নথি জমা করার পরে ট্রান্সফার হয়ে যায় |

অন্যান্য কার্য : অন্যান্য কার্যের মধ্যে আছে - ডিম্যাট অ্যাকাউন্ট খোলার পরে যদি অ্যাকাউন্টে প্রদত্ত বিবরণের মধ্যে কোনো পরিবর্তন হয় তবে ঠিকানার আপডেশন, ব্যাঙ্কের বিবরণ, স্বাক্ষর, নমিনেশন, ইত্যাদি-গুলির বিষয়ে অবিলম্বে জানাতে হবে | নির্ধারিত ফর্ম্যাট অনুযায়ীগ্রাহককে ব্যাঙ্কের শাখায় আপডেশনের জন্যে যথাযথ রিকোয়েস্ট ফর্ম জমা করতে হবে | সফলভাবে ডিম্যাট অ্যাকাউন্টের বিবরণের আপডেশন হওয়ার পরে ব্যাঙ্ক আবশ্যকীয় কনফার্মেশন গ্রাহকের কাছে প্রেরণ করবে |

কপিরাইট কোটাক মাহিন্দ্র গ্রুপ। সব অধিকার সুরক্ষিত।